বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ

নং-প্রকা/আরএমডি(৩০)/অংশ-৭/২০১৭-২০১৮/৪৪০(১২৫০) তারিখঃ ০৩-১০-২০১৭

১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
৩। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
৬। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে তফসিলী ব্যাংকসমূহের জন্য অনুসরণীয় নির্দেশনা জারীকরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট(BFIU), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ০২ আশ্বিন, ১৪২৪/ ১৭ সেপ্টেম্বর, ২০১৭ তারিখের বিএফআইইউ সার্কুলার নং-১৯ এবং ০৪-১০-২০১৭ তারিখের পত্র নং বিএফআইইউ(পলিসি)-০৩/২০১৭-২৮৪৫ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উক্ত সার্কুলারের মাধ্যমে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট(BFIU), বাংলাদেশ ব্যাংক কর্তৃক মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধের বিষয়ে এ যাবৎ যতগুলো বিএফআইইউ সার্কুলার/সর্কুলার লেটার জারী করা হয়েছে তা সমন্বয় সাধনপূর্বক নিম্নোক্ত কতিপয় সার্কুলার/সার্কুলার লেটার ব্যতিত উতোপূর্বে বিএফআইইউ কর্তৃক ২৮-১২-২০১৪ তারিখে জারীকৃত বিএফআইইউ সার্কুলার নং-১০ (মাস্টার সার্কুলার) এ বর্ণিত সকল নির্দেশনা এ সার্কুলার দ্বারা প্রতিস্থাপিত বলে গণ্য হবে।

০৩। বাংলাদেশ ব্যাংক হতে ইতোপূর্বে জারীকৃত যে সকল সার্কুলার/সার্কুলার লেটার বলবৎ রাখা হয়েছে তা নিম্নে উল্লেখ করা হলোঃ-

| সার্কুলার/সার্কুলার লেটার নম্বর | জারীর তারিখ | বিষয় |
|---|---|---|
| বিএফআইইউ সার্কুলার লেটার-০১ | ৩০ জানুয়ারী, ২০১২ | বিএফআইইউ নামকরণ প্রসঙ্গে। |
| বিএফআইইউ সার্কুলার নং-০৭ | ১৪ জুলাই, ২০১৩ | সন্ত্রাস বিরোধী (সংশোধন) আইন, ২০১৩ জারী প্রসঙ্গে। |
| বিএফআইইউ সার্কুলারলেটার নং-০৬ | ৮ ডিসেম্বর, ২০১৫ | মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর সংশোধনী জারী প্রসঙ্গে। |
| বিএফআইইউ সার্কুলারলেটার নং-০১ | ১৬ জানুয়ারী, ২০১৭ | অভিন্ন হিসাব খোলার ফরম প্রসঙ্গে। |
| বিএফআইইউ সার্কুলারলেটার নং-০৩ | ৩০ জানুয়ারী, ২০১৭ | বিএফআইইউ সার্কুলার নং-০১ এর সংশোধনী প্রসঙ্গে। |

০৪। বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট(BFIU), বাংলাদেশ ব্যাংক কর্তৃক মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধের বিষয়ে জারীকৃত উক্ত সার্কুলারের নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি ও যথাযথ পরিপালন/অনুসরণের জন্য হুবহু এতদসংগে প্রেরণ করা হলো।

০৫। মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ ব্যাংকের একটি সমন্বিত কার্যক্রম। শুধু শাখা পর্যায়ে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত আইন/গাইড লাইন/ম্যানুয়েল অনুসরণ/পরিপালন করা হলেই মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন সম্পূর্ণভাবে প্রতিরোধ হবে তা বলা যাবে না। শাখা ছাড়াও প্রধান কার্যালয়ের মানিলন্ডারিং প্রতিরোধ সেল, বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় এ সংক্রান্ত কার্যক্রমের সাথে ঘনিষ্টভাবে জড়িত। কাজেই মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে শাখার পাশাপাশি প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় ও আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় এর ভূমিকা অনিবার্যভাবে গুরুত্বপূর্ণ। উল্লেখ্য, বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট(BFIU), বাংলাদেশ ব্যাংক এর উক্ত সার্কুলার এবং প্রধান কার্যালয়ের মানিলন্ডারিং প্রতিরোধ সেল/CCU হতে বিভিন্ন সময় জারীকৃত সার্কুলার/সার্কুলার লেটার/ম্যানুয়েলে শাখা ব্যবস্থাপক/BAMLCO/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/ আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়/CAMLCO এর দায়িত্ব সুনির্দিষ্টভাবে উল্লেখ রয়েছে।

চলমান পাতা/০২

০৬। এমতাবস্থায়, মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম সুষ্ঠু ও সাবলীলভাবে সম্পাদন করার লক্ষ্যে যার যার অবস্থান থেকে যথাযথভাবে দায়িত্ব পরিপালনসহ শাখার এ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম নিয়মিতভাবে মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।

০৭। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত,

(মোঃ হাবিব উল্যা)
মহাব্যবস্থাপক আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ এবং
প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)
ফোনঃ ৯৫৮৫৮৬২

নং-প্রকা/আরএমডি(৩০)/অংশ-৭/২০১৭-২০১৮/ (১২৫০) তারিখঃ ০৩-১০-২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। মহাব্যবস্থাপক (অধ্যক্ষ), স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমুহ।
৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। নথি/মহানথি।

(রওনক সাদ ফেরদৌসী)
উপ মহাব্যবস্থাপক
ও
উপ-প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা(DCAMLCO)
ফোনঃ ৯৫৫৩০২৮

f:\Amzad spo RMD AML/CFT

**বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা**
**www.bb.org.bd**

**বিএফআইইউ সার্কুলার নং-১৯**

তারিখ : ০২ আশ্বিন, ১৪২৪ / ১৭ সেপ্টেম্বর, ২০১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

**মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে তফসিলি**
**ব্যাংকসমূহের জন্য অনুসরণীয় নির্দেশনা জারীকরণ প্রসঙ্গে।**

মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ ও সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এবং আইন দুটির আওতায় জারীকৃত বিধিমালার সংশ্লিষ্ট বিধানাবলী পরিপালনে বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংকের জন্য অনুসরণীয় নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৩(১)(ঘ) এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৫(১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে জারী করা হলো :

**১। পরিপালন কাঠামো :**

**১.১ মানিলন্ডারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ নীতিমালা :**

মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে আন্তর্জাতিক মানদন্ড, দেশে বিদ্যমান আইন, বিধিমালা ও বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ)-এর নির্দেশনাবলীর সমন্বয়ে প্রতিটি ব্যাংকের একটি নিজস্ব নীতিমালা থাকবে; যা তাদের পরিচালনা পর্ষদ বা প্রযোজ্য ক্ষেত্রে ব্যাংকের সর্বোচ্চ ব্যবস্থাপনা কমিটি অনুমোদন করবে। উক্ত নীতিমালা সংশ্লিষ্ট সকলের অবগতিতে আনবে ও বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। ব্যাংক সময় সময়[১] নীতিমালাটি পর্যালোচনা করবে ও প্রযোজ্য ক্ষেত্রে, সংশোধন/পরিমার্জন করবে।

**১.২ মানিলন্ডারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অঙ্গীকার ঘোষণা :**

(ক) প্রতিটি ব্যাংকের পরিচালনা পর্ষদ, সর্বোচ্চ নির্বাহী এবং অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তাগণ মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে উপর্যুক্ত আইন দুটিতে বর্ণিত তাদের নিজ নিজ দায়িত্ব ও কর্তব্যের আলোকে প্রাতিষ্ঠানিক পরিপালন ব্যবস্থা জোরদার করার বিষয়ে সচেষ্ট থাকবেন।

(খ) ব্যাংকের প্রধান নির্বাহী বাৎসরিক ভিত্তিতে ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারীদের উদ্দেশ্যে মানিলন্ডারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে সুস্পষ্ট ও কার্যকর অঙ্গীকার ঘোষণা করবেন এবং অঙ্গীকার বাস্তবায়নে যথাযথ নির্দেশনা প্রদান করবেন। প্রযোজ্য ক্ষেত্রে, পরিপালনীয় বিষয়াদির সার্বিক অবস্থা পর্যবেক্ষণ করবেন।

---

[১] ব্যাংকের নিজস্ব ML/TF Risk Assessment Guidelines এর সাথে সঙ্গতিপূর্ণরূপে।

**১.৩ কমপ্লায়েন্স অফিসার নিয়োগ ও অন্যান্য :**

(১) ব্যাংকিং খাতকে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন বিষয়ক ঝুঁকি হতে মুক্ত রাখার জন্য এবং এতদ্‌সংক্রান্ত বিষয়ে বিদ্যমান আইন, বিধিমালা এবং বিএফআইইউ কর্তৃক সময় সময় জারীকৃত সার্কুলার ও গাইডলাইন্সে বর্ণিত নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালনার্থে প্রতিটি ব্যাংকে নিম্নরূপ ব্যবস্থাদি থাকতে হবে :

(ক) প্রতিটি ব্যাংক একজন "ঊর্ধ্বতন কর্মকর্তার" নেতৃত্বে প্রধান কার্যালয়ে একটি 'কেন্দ্রীয় পরিপালন কমিটি' (Central Compliance Committee) প্রতিষ্ঠা করবে; আলোচ্য কমিটি সরাসরি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী  কর্মকর্তা'র নিকট রিপোর্ট করবে। উল্লিখিত 'ঊর্ধ্বতন কর্মকর্তা' প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (Chief Anti Money Laundering Compliance Officer-CAMLCO) নামে অভিহিত হবেন। এক্ষেত্রে 'ঊর্ধ্বতন কর্মকর্তা'র পদনাম ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তার (০২) দুই ধাপের নীচে হবে না। তবে বিদেশী ব্যাংকের ক্ষেত্রে উক্ত 'ঊর্ধ্বতন কর্মকর্তা'কে অবশ্যই সর্বোচ্চ ব্যবস্থাপনা কমিটির (Management Committee) সদস্য হতে হবে। প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার পরিবর্তন হলে অবিলম্বে লিখিতভাবে নবিএফআইইউ-কে অবহিত করতে হবে। প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তাকে ব্যাংকের অন্য কোনো দায়িত্ব অর্পণের পূর্বে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে নিশ্চিত হতে হবে যে এর ফলে ব্যাংকটির মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক কার্যক্রম বিঘ্নিত হবে না।

(খ) প্রতিটি ব্যাংকে কেন্দ্রীয় পরিপালন কমিটি'র সাচিবিক দায়িত্ব পালন এবং মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে পরিপালনীয় বিষয়সমূহ সম্পাদনের লক্ষ্যে উপযুক্ত সংখ্যক কর্মকর্তার[২] সমন্বয়ে একটি "মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ/ডিভিশন" থাকবে; উক্ত বিভাগ/ডিভিশনের প্রধান হিসেবে উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (Deputy Chief Anti Money Laundering Compliance Officer:D-CAMLCO) দায়িত্ব পালন করবেন। উল্লেখ্য, D-CAMLCO পদে ন্যূনতম 'উপমহাব্যবস্থাপক' অথবা 'সিনিয়র ভাইস প্রেসিডেন্ট' অথবা সমপদমর্যাদার একজন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা যাবে।

(গ) কেন্দ্রীয় পরিপালন কমিটি মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন সংক্রান্ত ঝুঁকি প্রতিরোধে ব্যাংকের নিজস্ব নীতিমালার আওতায় প্রাতিষ্ঠানিক কৌশল ও কর্মসূচী নির্ধারণ করবে এবং সময় সময় তা পর্যালোচনা করবে। কেন্দ্রীয় পরিপালন কমিটি এবং প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার তত্ত্বাবধানে "মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ/ডিভিশন" বার্ষিক ভিত্তিতে মানিলন্ডারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ কর্মসূচীর বাস্তবায়ন নিশ্চিত করবে।

(ঘ) প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা ও উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বিদ্যমান আইন, বিধিমালা, বিএফআইইউ কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশনাবলী ও এতদ্‌বিষয়ে আন্তর্জাতিক মানদন্ডসমূহের উপর সম্যক ধারণা থাকতে হবে।

(ঙ) মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ/ডিভিশনের কার্যাবলী এবং কেন্দ্রীয় পরিপালন কমিটি, কমিটির সদস্য এবং প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা ও উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার দায়িত্ব ও কর্তব্য সুনির্দিষ্টভাবে নির্ধারিত থাকতে হবে।

---

[২] উক্ত বিভাগ/ডিভিশন এর জনবল ব্যাংকের শাখার সংখ্যা, ব্যবসায়ের বিস্তৃতি, গ্রাহক সংখ্যা ইত্যাদির আলোকে নির্ধারিত হবে।

(চ) কেন্দ্রীয় পরিপালন কমিটি ন্যূনতম ৭(সাত) সদস্য বিশিষ্ট হবে; যাতে প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা ও উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তাসহ ব্যাংকের বিভিন্ন বিভাগের (যেমন: হিউম্যান রিসোর্সেস ডিভিশন, ক্রেডিট ডিভিশন, রিটেল ও কর্পোরেট ব্যাংকিং ডিভিশন, ফরেন এক্সচেঞ্জ ডিভিশন, অপারেশন ডিভিশন, কার্ড ডিভিশন, আইটি ডিভিশন ইত্যাদি) প্রধান অথবা ঊর্ধ্বতন কর্মকর্তাগণ সদস্য হবেন। তবে অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের কোনো কর্মকর্তা কেন্দ্রীয় পরিপালন কমিটির সদস্য হতে পারবেন না। কেন্দ্রীয় পরিপালন কমিটি ও অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ সম্পূর্ণ আলাদাভাবে তাদের উপর অর্পিত মানিলন্ডারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক দায়িত্ব পালন করবে।

(ছ) কেন্দ্রীয় পরিপালন কমিটি বছরে অন্তত ৪ (চার) টি সভা[৩] আয়োজন করবে। উক্ত সভায় তারা ব্যাংকের মানিলন্ডারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ পরিপালনের সার্বিক অবস্থা পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ এবং অনুসরণীয় নির্দেশনা প্রদান করবে।

(২) বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট কর্তৃক ইস্যুকৃত ML/TF Risk Assessment Guidelines for Banking Sector এর নির্দেশনা অনুসারে একটি নির্দিষ্ট সময় অন্তর অন্তর প্রতিটি ব্যাংক মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন সংক্রান্ত নিজস্ব ঝুঁকি নিরূপণ করবে এবং তা বিএফআইইউ কর্তৃক Vetting পূর্বক ঝুঁকি মোকাবেলার জন্য যথাযথভাবে ব্যবহার করবে। এছাড়াও জাতীয় পর্যায়ে বা ব্যাংকিং খাতের সাথে সামঞ্জস্যপূর্ণ এবং নিরূপিত ঝুঁকির আলোকে, প্রযোজ্য ডিউ ডিলিজেন্স কার্যক্রম গ্রহণ করবে।

(৩) কেন্দ্রীয় পরিপালন কমিটি মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে ব্যাংকের গৃহীত পদক্ষেপ, এবিষয়ে বাস্তবায়ন অগ্রগতি ও সুপারিশ সম্বলিত প্রতিবেদন ষান্মাসিক ভিত্তিতে (জানুয়ারি-জুন, জুলাই-ডিসেম্বর) ব্যাংকের প্রধান নির্বাহী, প্রযোজ্য ক্ষেত্রে, পরিচালনা পর্ষদের অবগতি ও নির্দেশনার জন্য দাখিল করবে। উক্ত প্রতিবেদনে এ সার্কুলারের ৮.৩(১) এ বর্ণিত বিষয়সমূহসহ মানিলন্ডারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বিএফআইইউ কর্তৃক কোনো ব্যবস্থা গৃহীত হয়ে থাকলে তা অন্তর্ভুক্ত করতে হবে। প্রধান নির্বাহীর নির্দেশনা ও মতামতসহ প্রতিবেদনটি ব্যাংকটির পরিচালনা পর্ষদ বা সর্বোচ্চ ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন করতে হবে এবং প্রতিবেদনটির একটি কপি সংশ্লিষ্ট ষান্মাসিক শেষ হওয়ার ২(দুই) মাসের মধ্যে বিএফআইইউ বরাবর প্রেরণ করতে হবে।

(৪) কেন্দ্রীয় পরিপালন কমিটির নির্দেশনা অনুসারে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ/ডিভিশন শাখাসমূহের জন্য অনুসরণীয় নির্দেশনাবলী জারী করবে; যাতে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে গ্রাহক পরিচিতি গ্রহণ, লেনদেন মনিটরিং ব্যবস্থা, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং এতদ্‌সংক্রান্ত অন্যান্য পরিপালনীয় নীতি ও পদ্ধতিসমূহ অন্তর্ভুক্ত থাকবে।

(৫) কেন্দ্রীয় পরিপালন কমিটি উল্লিখিত ১.৩(১)(গ) এবং ১.৪ অনুচ্ছেদের নির্দেশনার বাস্তবায়নে শাখা পর্যায়ে পরিপালন কর্মকর্তা মনোনয়নের মাধ্যমে অভ্যন্তরীণ পরিবীক্ষণ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠা করবে। এক্ষেত্রে, প্রতিটি শাখায় একজন অভিজ্ঞ শাখা মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (Branch Anti Money Laundering Compliance Officer-BAMLCO) মনোনীত করবে। উল্লেখ্য, শাখা ব্যবস্থাপক, শাখার দ্বিতীয় কর্মকর্তা অথবা জেনারেল ব্যাংকিং/ফরেন এক্সচেঞ্জ/ক্রেডিট ইত্যাদি বিষয়ে অভিজ্ঞ ঊর্ধ্বতন কর্মকর্তাকে শাখা মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা হিসেবে মনোনীত করতে হবে। শাখা মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বিদ্যমান আইন, বিধিমালা, বিএফআইইউ এর সকল নির্দেশনা এবং ব্যাংকের নিজস্ব নীতিমালার বিষয়ে সম্যক ধারণা থাকতে হবে। শাখা

---

[৩] কেন্দ্রীয় পরিপালন কমিটির সভা ত্রৈমাসিক ভিত্তিতে আয়োজন করতে হবে। তবে প্রয়োজনে কমিটি প্রধান যে কোনো সময় সভা আহবান করতে পারবেন।

মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার মনোনয়নপত্রে তার কর্মপরিধি এবং দায়-দায়িত্ব সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকতে হবে।

(৬) শাখা মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা শাখার অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে ত্রৈমাসিক ভিত্তিতে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক সভা করবেন এবং উক্ত সভায় নিম্নোক্ত বিষয়সমূহসহ মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বিদ্যমান আইন, বিধিমালা এবং বিএফআইইউ এর অন্যান্য নির্দেশনার পরিপালন পর্যালোচনাপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন :

- গ্রাহক পরিচিতি;
- লেনদেন মনিটরিং;
- সন্দেহজনক লেনদেন বা কার্যক্রম চিহ্নিতকরণ ও রিপোর্টিং;
- স্থানীয় Sanction List সহ জাতিসংঘের নিরাপত্তা পরিষদের রেজুলুশনসমূহের বাস্তবায়ন;
- সেল্ফ এ্যাসেসমেন্ট সংক্রান্ত কার্যক্রম;
- রেকর্ড সংরক্ষণ;
- প্রশিক্ষণ ইত্যাদি।

শাখা পরিপালন কর্মকর্তা ত্রৈমাসিক সভার কার্যবিবরণী মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ/ডিভিশন বরাবরে প্রেরণ করবেন।

## ২। গ্রাহক নির্বাচন নীতিমালা :

গ্রাহক নির্বাচনের ক্ষেত্রে প্রতিটি ব্যাংকের সুনির্দিষ্ট নীতিমালা থাকতে হবে; যা ব্যাংকের মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন সংক্রান্ত ঝুঁকি প্রতিরোধ সংক্রান্ত মূল নীতিমালার অংশ হতে পারে। উক্ত নীতিমালায় অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ের সাথে আবশ্যিকভাবে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকবে :

(১) বেনামে, ছদ্মনামে বা শুধু নম্বরযুক্ত কোনো গ্রাহকের হিসাব খোলা বা পরিচালনা করা যাবে না;

(২) জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলুশনের[৪] আওতায় সন্ত্রাস ও সন্ত্রাসীকার্যে অর্থায়নে জড়িত সন্দেহে তালিকাভুক্ত কোনো ব্যক্তি বা সত্তা এবং বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত[৫] কোনো ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তার  কোনো হিসাব খোলা যাবে না বা পরিচালনা করা যাবে না; এবং

(৩) Shell Bank[৬] এর সাথে কোনো ধরণের ব্যাংকিং সম্পর্ক স্থাপন করা যাবে না;

(৪) বিএফআইইউ কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা অনুসরণীয় হবে।

---

[৪] জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলুশনের আওতায় তালিকাভুক্ত ব্যক্তি বা সত্তা বলতে সন্ত্রাস বিরোধী বিধিমালা, ২০১৩ এর ২ (ছ) নং বিধিতে সংজ্ঞায়িত রেজুলুশনের আওতায় তালিকাভুক্ত ব্যক্তি বা সত্তাকে বুঝাবে। এই তালিকাসমূহ http://www.un.org/sc/committees/index.shtml অথবা http://www.bb.org.bd/aboutus/ dept /bfiu/sanction_list.php ওয়েবলিংক হতে সংগ্রহ করা যাবে।

[৫] বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোনো ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তা বলতে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৮ নম্বর ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সরকার কর্তৃক সময় সময় সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা তফসিলভুক্ত কোনো ব্যক্তি বা সত্তাকে বুঝাবে।

[৬] Shell bank means a bank that has no physical presence in the country which it is incorporated and licensed, and which is unaffiliated with a regulated finacial group that is subject to effective consolidated supervision. Physical presence means meaningful mind and management located within a country. The existance simply of a local agent or low level staff does not constitute physical presence.

## ৩। গ্রাহক, গ্রাহক পরিচিতি, গ্রাহক সতর্কতামূলক ব্যবস্থা ও অন্যান্য :

### ৩.১ গ্রাহকের সংজ্ঞা :

মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন ঝুঁকি ব্যবস্থাপনায় গ্রাহক বলতে নিম্নোক্ত ব্যক্তি বা সত্তাকে বুঝাবে :

(১) ব্যাংকের সাথে হিসাব সংরক্ষণ করে বা ব্যবসায়িক সম্পর্ক রয়েছে এমন যে কোনো ব্যক্তি বা সত্তা;

(২) ব্যাংক হিসাব বা ব্যবসায়িক সম্পর্কের প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner)[৭]; প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যার পক্ষে হিসাব পরিচালিত হয়;

(৩) বিদ্যমান আইনী কাঠামোর আওতায় কোনো হিসাবধারী, ট্রাস্ট বা লেনদেনের প্রকৃত সুবিধাভোগীর হিসাব পরিচালনার জন্য নিযুক্ত কোনো পেশাদার মধ্যস্থতাকারী (আইনজীবী, আইন পরামর্শক প্রতিষ্ঠান, চার্টার্ড এ্যাকাউন্টেন্ট ইত্যাদি); এবং

(৪) কোনো ব্যক্তি বা সত্তা কর্তৃক একক লেনদেনে সংঘটিত অধিক মূল্যের[৮] Occasional Transaction বা প্রতিষ্ঠানের সুনাম এবং অন্য কোন ঝুঁকি সৃষ্টি করতে পারে এমন আর্থিক লেনদেনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি বা সত্তা।

(৫) বিএফআইইউ কর্তৃক সময় সময় সংজ্ঞায়িত ব্যক্তি বা সত্তা।

### ৩.২ গ্রাহক পরিচিতি (Know Your Customer--KYC) :

মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন ঝুঁকি ব্যবস্থাপনায় গ্রাহকের পরিচিতি গ্রহণ ও যাচাই প্রক্রিয়ার ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়াবলীর পরিপালন নিশ্চিত করতে হবে :

(১) গ্রাহকের পরিচিতির পূর্ণাঙ্গ[৯] ও সঠিক[১০] তথ্য সংগ্রহ করতে হবে। ব্যাংকিং ব্যবস্থা যাতে মানিলন্ডারিং বা সন্ত্রাসী কার্যে অর্থায়নের ঝুঁকির সম্মুখীন না হয় তা নিশ্চিত করার জন্য প্রতিটি ব্যাংককে গ্রাহক কর্তৃক হিসাব খোলার উদ্দেশ্য সম্পর্কে সম্যক ধারণা এবং গ্রাহক পরিচিতি সম্পর্কিত তথ্য বা উপাত্ত যাচাই প্রক্রিয়া সম্পাদন করতে হবে। উল্লেখ্য, এরূপ পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য গ্রহণ বা সংরক্ষণের ক্ষেত্রে সুবিধাজনক বিবেচনায় আধুনিক প্রযুক্তির ব্যবহার বা সহায়তা গ্রহণ করা যাবে।

(২) ব্যক্তি বা প্রাতিষ্ঠানিক হিসাবধারী গ্রাহকের ক্ষেত্রে বিএফআইইউ কর্তৃক জারীকৃত অভিন্ন হিসাব খোলার ফরমে (Uniform Account Opening Form) নির্দেশিত পরিচিতিমূলক তথ্য বা উপাত্ত সংগ্রহ ও উহার সঠিকতা যাচাই করতে হবে।

---

[৭] Beneficial owner refers to the natural person(s) who ultimately owns or controls a customer and/or the natural person on whose behalf a transaction is being conducted. It also includes those persons who exercise ultimate effective control over a legal person or arrangement. Reference to "ultimately owns or controls" and "ultimate effective control" refer to situations in which ownership/control is exercised through a chain of ownership or by means of control other than direct control.
**Note:** It is required to conduct CDD of settlor, trustee, protector or any person with similar status or any beneficiary or class of beneficiaries who have hold effective control on trust, in case of identification of beneficial ownership of a legal arrangement.

[৮] এক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের ব্যবসা/পেশা/প্রোফাইলের নিরীখে স্বাভাবিক লেনদেনের তুলনায় কোনো লেনদেন অস্বাভাবিক প্রতীয়মান হলে তা 'অধিক মূল্যের' বলে বিবেচিত হবে।

[৯] "পূর্ণাঙ্গ (complete)" বলতে হিসাবের আবেদনকারী/হিসাবধারী গ্রাহকের পরিচিতি যাচাইকল্পে প্রয়োজনীয় সকল তথ্যের সন্নিবেশকে বুঝাবে। উদাহরণস্বরূপঃ নাম, পেশা, জন্ম তারিখ ও বিস্তারিত ঠিকানা, এবং পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ/গ্রহণযোগ্য পরিচিতিমূলক ছবিযুক্ত আইডি কার্ড, ফোন/মোবাইল নম্বর ইত্যাদি অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি।

[১০] "সঠিক (Accurate)" বলতে পূর্ণাঙ্গ এরূপ তথ্যকে বুঝাবে যার সঠিকতা যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে যাচাই করা হয়েছে।

(৩) যদি গ্রাহকের পক্ষে অন্য কোনো ব্যক্তি হিসাব পরিচালনা করে সেক্ষেত্রে উক্ত ব্যক্তি যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত কিনা তা নিশ্চিত হয়ে তার পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ করতে হবে ।

(৪) ট্রাস্টি ও পেশাদার মধ্যস্থতাকারী কর্তৃক গ্রাহকের পক্ষে পরিচালিত হিসাবের ক্ষেত্রে তাদের আইনগত অবস্থান পর্যালোচনা ও তার যথার্থতা নিরূপণপূর্বক সংশ্লিষ্ট সকলের পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ করতে হবে।

(৫) হিসাবধারী ব্যতিত অন্য কাউকে (Walk-in Customer[১১]) লেনদেনে সুবিধা প্রদানের ক্ষেত্রে (যেমনঃ ডিডি, টিটি, এমটি, পে-অর্ডার বা অনলাইন লেনদেন ইত্যাদি) এ সার্কুলারে অন্যান্য অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে।

### ৩.৩ গ্রাহক সম্পর্কিত সতর্কতামূলক ব্যবস্থা (Customer Due Diligence--CDD) :

গ্রাহক সম্পর্কিত সতর্কতামূলক ব্যবস্থা বা CDD বলতে নির্ভরযোগ্য ও স্বাধীন উৎস হতে প্রাপ্ত তথ্য, উপাত্ত ও দলিলাদির ভিত্তিতে গ্রাহকের পরিচিতি নিশ্চিতকরণ, সংগৃহীত পরিচিতিমূলক তথ্য বা উপাত্তের সঠিকতা এবং অর্থের উৎস যাচাইকরণসহ হিসাবের পরিচিতিমূলক তথ্য বা উপাত্ত ও লেনদেন নিয়মিতভাবে (On-going) মনিটরিং করাকে বুঝাবে। উল্লেখ্য যে, গ্রাহকের যথাযথ পরিচিতি গ্রহণ ও যাচাইকরণ (KYC), CDD প্রক্রিয়ার একটি অংশ।

(১) গ্রাহক সংশ্লিষ্ট ঝুঁকি বিবেচনায় নিম্নবর্ণিত বিভিন্ন পর্যায়ে CDD সম্পাদন করতে হবে-

(ক) গ্রাহকের সাথে সম্পর্ক স্থাপনের সময়;

(খ) ওয়াক-ইন-কাস্টমার (Walk-in Customer) কর্তৃক সম্পাদিত ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা বা তদুর্ধ্ব মূল্যের Occasional Transaction[১২];

(গ) যখন সন্দেহ করার যথেষ্ট কারণ থাকবে যে ইতঃপূর্বে গ্রাহকের পরিচিতির নিমিত্তে যে তথ্য বা দলিলাদি সংগ্রহ করা হয়েছে তা পর্যাপ্ত বা সঠিক নয়; এবং

(ঘ) কোনো লেনদেন মানিলন্ডারিং বা সন্ত্রাসী কার্যে অর্থায়নের সাথে জড়িত মর্মে সন্দেহে CDD সম্পাদনের ক্ষেত্রে তথ্যের গোপনীয়তা ফাঁস (Tipping-Off) হবার সম্ভাবনা থাকলে CDD সম্পাদন না করেই সন্দেহজনক লেনদেন/কার্যক্রম রিপোর্ট করতে হবে।

(২) গ্রাহকের পরিচিতি এবং ব্যাংকের সাথে সম্পর্ক স্থাপনের অন্তর্নিহিত উদ্দেশ্য সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য প্রত্যেক ব্যাংক তাদের সন্তুষ্টি[১৩] সাপেক্ষে পর্যাপ্ত তথ্য সংগ্রহ করবে। উল্লেখ্য, ব্যাংক কর্তৃক সম্পাদিত আলোচ্য CDD কার্যক্রম নিয়মিতভাবে (On-going) পর্যালোচনা করতে হবে।

(৩) প্রতিটি হিসাবের প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner) সনাক্ত করতে হবে। এক্ষেত্রে ব্যাংকের সন্তুষ্টি সাপেক্ষে স্বাধীন ও নির্ভরযোগ্য সূত্র হতে সংগৃহীত তথ্যের ভিত্তিতে নিম্নোক্তভাবে হিসাবের প্রকৃত সুবিধাভোগী'র পরিচিতি নিশ্চিত করতে হবে :

(ক) যদি কোনো গ্রাহক অন্য কোনো ব্যক্তির পক্ষে হিসাব পরিচালনা করে, সে ক্ষেত্রে গ্রাহক ছাড়াও উক্ত ব্যক্তির পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে;

---

[১১] Walk-in Customer বলতে ব্যাংক হিসাবধারী নন এমন গ্রাহক কে বুঝাবে।

[১২] উল্লেখ্য, Occasional Transaction এর মধ্যে Wire Transfer সহ সকল ধরনের লেনদেন অন্তর্ভুক্ত হবে।

[১৩] "ব্যাংকের সন্তুষ্টি সাপেক্ষে" বলতে বিদ্যমান নির্দেশনার আলোকে গ্রাহকের ঝুঁকি বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় তথ্য, উপাত্ত ও দলিলাদি সংগ্রহপূর্বক CDD সম্পন্ন করা হয়েছে মর্মে যথাযথ কর্তৃপক্ষকে সন্তুষ্ট করাকে বুঝাবে।

(খ) আপাতঃদৃষ্টিতে যদি কোনো ব্যক্তি যদি কোনো গ্রাহককে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নিয়ন্ত্রণ/প্রভাবিত করে সে ক্ষেত্রে উক্ত ব্যক্তির পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে; এবং

(গ) কোম্পানীর ক্ষেত্রে হিসাবের প্রকৃত সুবিধাভোগীর পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে; এক্ষেত্রে, যিনি/যাদের উক্ত কোম্পানীর উপর নিয়ন্ত্রণযোগ্য স্বার্থ (Controlling/ownership[১৪]interest) রয়েছে, তিনি/তারা হিসাবের প্রকৃত সুবিধাভোগী বলে বিবেচিত হবেন।

(ঘ) উপর্যুক্ত খ-গ দফার নির্দেশনা পূরণকল্পে কোনো ব্যক্তি (Natural Person) চিহ্নিত করা সম্ভব না হলে প্রধান নির্বাহী কর্মকর্তার পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে।

### ৩.৪ গ্রাহক সম্পর্কিত সহজতর সতর্কতামূলক ব্যবস্থা (Simplified Customer Due Diligence) :

(ক) ওয়াক-ইন-কাস্টমার (Walk-in Customer) কর্তৃক অনুর্ধ ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা লেনদেনের ক্ষেত্রে প্রেরণকারী/আবেদনকারী ও প্রাপক/বেনিফিসিয়ারীর নাম ও ঠিকানা এবং প্রেরণকারী/আবেদনকারীর টেলিফোন নম্বর সংগ্রহ করতে হবে।

(খ) উপরোক্ত অনুচ্ছেদে বর্ণিত লেনদেন ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) এর অধিক বা ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) এর নীচে হলে বর্ণিত তথ্যাদির পাশাপাশি প্রেরণকারী বা আবেদনকারী বা জমাকারী বা উত্তোলনকারীর ছবিযুক্ত আইডি সংগ্রহ করতে হবে।

(গ) আর্থিক অর্ন্তভুক্তির (Financial Inclusion) উদ্দেশ্যে নিম্নঝুঁকি সম্পন্ন হিসাব খোলা বা পরিচালনার ক্ষেত্রে (স্কুল ছাত্রের হিসাব, কৃষকের হিসাব এবং অন্যান্য No-Frill Account[১৫]) গ্রাহক সম্পর্কিত সহজতর সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা যাবে।

### ৩.৫ CDD সংক্রান্ত অন্যান্য নির্দেশনা:

(১) প্রতিটি ব্যাংক গ্রাহকের হিসাব খোলার ক্ষেত্রে বিএফআইইউ কর্তৃক জারীকৃত অভিন্ন হিসাব খোলার ফরমের আলোকে প্রণীত নিজস্ব ফরম ব্যবহার করবে। গ্রাহক পরিচিতি এবং **CDD** যথাযথভাবে সম্পাদনপূর্বক তথ্য ও দলিলাদি সংরক্ষণ করবে;

(২) একই ব্যাংকে একই গ্রাহকের একাধিক হিসাব পরিচালিত হলে গ্রাহক পরিচিতির পুনরাবৃত্তি পরিহার ও লেনদেন মনিটরিং এর সুবিধার্থে ব্যাংক উক্ত গ্রাহকের জন্য একটি Unique Customer Identification Code (UCIC) বরাদ্দ করবে। উক্ত UCIC গ্রাহক ও ব্যাংক কর্তৃক গ্রাহককে প্রদত্ত সকল প্রকার সেবা চিহ্নিতকরণ (track) এবং পূর্ণাঙ্গভাবে আর্থিক লেনদেন মনিটরিং-এর ক্ষেত্রে সহায়তা করবে;

(৩) ব্যাংক গ্রাহকের হিসাবের লেনদেনের অনুমিত মাত্রা (Transaction Profile) সম্পর্কে গ্রাহকের ঘোষণা নির্ধারিত ফরমে সংগ্রহ করবে। গ্রাহকের প্রকৃতি, পেশা, হিসাবের অর্থের উৎস ও লেনদেনের ধরণ পর্যালোচনাপূর্বক ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের ৬(ছয়) মাস পরে গ্রাহক কর্তৃক সম্পাদিত লেনদেনের যথার্থতা

---

[১৪] A controlling ownership interest depends on the ownership structure of the company. It may be based on a threshold, e.g. any person owning more than a certain percentage of the company (e.g. 20%).

[১৫] 'No Frills 'account is a basic banking account. Such account requires either nil minimum balance or very low minimum balance. Charges applicable to such accounts are low. Services available to such account is limited.

নিরূপণপূর্বক প্রয়োজনীয় সংশোধনী সাপেক্ষে লেনদেনের অনুমিত মাত্রা ব্যাংক নিজেই নির্ধারণ করবে। তবে হিসাব খোলার সময় গ্রাহক কর্তৃক প্রদত্ত লেনদেনের অনুমিত মাত্রা এবং ৬(ছয়) মাসের প্রকৃত লেনদেন উল্লেখ্যযোগ্য হারে বৃদ্ধির ক্ষেত্রে গ্রাহকের সাথে আলোচনাপূর্বক লেনদেনের অনুমিত মাত্রা সংশোধন করবে এবং প্রযোজ্য ক্ষেত্রে সন্দেহ হলে সন্দেহজনক লেনদেন/কার্যক্রম রিপোর্ট করবে;

(৪) কেওয়াইসি প্রক্রিয়ায় গ্রাহক সম্পর্কিত প্রাপ্ত তথ্যসমূহ হালনাগাদকরণ একটি চলমান প্রক্রিয়া। এক্ষেত্রে, অভিন্ন হিসাব খোলার ফরমে উল্লিখিত মানদন্ডের আলোকে নিরূপিত নিম্ন ঝুঁকি সম্পন্ন গ্রাহকের ক্ষেত্রে ০৫ (পাঁচ) বছর এবং উচ্চ ঝুঁকি সম্পন্ন গ্রাহকের ক্ষেত্রে ০১ (এক) বছর পর পর হালনাগাদকরণ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। গ্রাহকের পরিচিতিমূলক তথ্যের যে কোনো পরিবর্তন[১৬] অবগত হওয়ার সাথে সাথেই তা হালনাগাদ করতে হবে। এছাড়া নির্দিষ্ট কোনো প্রয়োজন অনুভূত হলে যে কোনোসময়েই গ্রাহকের পরিচিতিমূলক তথ্য হালনাগাদ করা যাবে। হালনাগাদকৃত তথ্যের ভিত্তিতে পুনরায় অবিলম্বে এসব হিসাবের ঝুঁকি নির্ণয় করতে হবে;

(৫) এপ্রিল ৩০, ২০০২ তারিখের পূর্বে খোলা যে সকল হিসাবের KYC প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব হয়নি সে সকল হিসাব 'সুপ্ত' (Dormant) হিসেবে চিহ্নিত হবে। সুপ্ত হিসেবে চিহ্নিত এ সকল হিসাবে শুধুমাত্র অর্থ জমা করা যাবে কিন্তু উত্তোলন করা যাবে না। তবে গ্রাহক কর্তৃক শাখা ব্যবস্থাপকের নিকট লিখিত আবেদনের প্রেক্ষিতে ব্যাংক কর্তৃক উক্ত গ্রাহকের KYC প্রক্রিয়া সম্পন্ন সাপেক্ষে গ্রাহক হিসাবটিতে স্বাভাবিক লেনদেন সম্পাদন করতে পারবেন। মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ/ডিভিশন এরূপ সুপ্ত হিসাবের তথ্য সংরক্ষণ করবে; এবং

(৬) কোনো বিদেশী বা অনিবাসী বাংলাদেশীদের হিসাব খোলার ক্ষেত্রে Foreign Exchange Regulation Act, 1947 এর বিধানাবলী ও এর আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবে।

### ৩.৬ CDD সম্পাদন করা সম্ভব না হলে ব্যাংকের করণীয় :

গ্রাহকের অসহযোগিতাপূর্ণ আচরণের কারণে অথবা গ্রাহকের বিষয়ে সংগৃহীত তথ্য/উপাত্ত নির্ভরযোগ্য না হলে অর্থাৎ গ্রাহক পরিচিতির সন্তোষজনক তথ্য প্রাপ্তি এবং তা যাচাই সাপেক্ষে CDD সম্পাদন করা সম্ভব না হলে ব্যাংক নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করবে :

(১) ব্যাংক উক্তরূপ গ্রাহকের হিসাব খুলবে না বা লেনদেন করবে না অথবা প্রয়োজনে বিদ্যমান হিসাব বন্ধ করে দিবে;

(২) বিদ্যমান এরূপ হিসাব বন্ধ করার ক্ষেত্রে ঊর্ধ্বতন কর্মকর্তার অনুমোদন গ্রহণ করতে হবে এবং হিসাব বন্ধ করার পূর্বে হিসাব বন্ধকরণের কারণ ব্যাখ্যাপূর্বক গ্রাহককে নোটিশ প্রদান করতে হবে;

(৩) শাখা উপর্যুক্ত হিসাব না খোলা বা বন্ধ করা সংক্রান্ত তথ্য সংরক্ষণপূর্বক মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিভিশন/বিভাগে প্রেরণ করবে। প্রয়োজনে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ/ডিভিশন এসব তথ্য অন্যান্য সকল শাখার অবগতিতে আনবে; এবং

(৪) ক্ষেত্রমত, এরূপ গ্রাহকের বিষয়ে সন্দেহজনক লেনদেন/কার্যক্রম রিপোর্ট দাখিল করতে হবে।

---

[১৬] পরিবর্তন বলতে গ্রাহকের পেশা/ব্যবসায়ের পরিবর্তন, মালিকানার পরিবর্তন, লেনদেনের প্যাটার্ন পরিবর্তন, মিডিয়া রিপোর্ট ইত্যাদি বিষয়কে বিবেচনা করতে হবে।

**৩.৭ গ্রাহক সম্পর্কিত অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা (Enhanced Due Diligence--EDD) :**

ব্যাংক কর্তৃক নিরূপিত উচ্চ ঝুঁকি সম্পন্ন (High Risk) গ্রাহকের ক্ষেত্রে নিম্নরূপে গ্রাহক সম্পর্কিত অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা বা EDD গ্রহণ করতে হবে :

(১) নিরপেক্ষ ও নির্ভরযোগ্য উৎস (Independent and reliable sources) থেকে গ্রাহক পরিচিতি সম্পর্কিত অতিরিক্ত তথ্যাদি সংগ্রহ করতে হবে;

(২) হিসাব খোলার উদ্দেশ্য, হিসাবের অর্থ বা সম্পদের উৎস জানার জন্য অধিকতর ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(৩) প্রযোজ্যক্ষেত্রে, ব্যাংকের প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার অনুমোদন গ্রহণ; এবং

(৪) তাদের হিসাবের লেনদেন নিয়মিতভাবে অধিকতর মনিটর করতে হবে।

**৩.৮ পলিটিক্যালি এক্সপোজড পার্সন (Politically Exposed Persons --PEPs) এর ক্ষেত্রে করণীয়:**

PEPs[১৭] এর হিসাব খোলা ও পরিচালনায় প্রযোজ্য ক্ষেত্রে, এ সার্কুলারের (৩.২) - (৩.৫) নম্বর অনুচ্ছেদে বর্ণিত প্রযোজ্য নির্দেশনা অনুসরণের পাশাপাশি  নিম্নে বর্ণিত ব্যবস্থাদি গ্রহণ করতে হবে :

(১) ব্যাংককে তাদের গ্রাহক বা হিসাবের প্রকৃত সুবিধাভোগী PEPs কিনা তা নির্ধারণ করার জন্য উপযুক্ত পদ্ধতি গ্রহণ (যেমনঃ উন্মুক্ত তথ্যের উৎস, বিভিন্ন ডাটাবেজ ব্যবহার ইত্যাদি) করতে হবে;

(২) PEPs এর সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপন বা বিদ্যমান সম্পর্ক অব্যাহত রাখার ক্ষেত্রে ব্যাংকের প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার অনুমোদন নিতে হবে;

(৩) এছাড়াও এ সার্কুলারের ৩.৭ অনুচ্ছেদের (১) হতে (৪) এ বর্ণিত গ্রাহক সম্পর্কিত অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;  এবং

(৪) PEPs এর পরিবারের সদস্য ও তাদের সাথে নিবিড়ভাবে সম্পর্কিত ব্যক্তির (close associates) ক্ষেত্রেও উপরে উল্লিখিত নির্দেশনাসমূহ প্রযোজ্য হবে। এ অনুচ্ছেদে উল্লিখিত ‘ PEPs’ হিসেবে কোনো মধ্যম বা অধঃস্তন (Middle ranking or more junior individuals) পর্যায়ের ব্যক্তি বিবেচিত হবেন না।

**৩.৯ প্রভাবশালী ব্যক্তির** (Influential Persons:IPs) **ক্ষেত্রে  করণীয় :**

কোন প্রভাবশালী ব্যক্তির (Influential Persons:IPs)[১৮] হিসাব খোলা ও পরিচালনা উচ্চ ঝুঁকি সম্পন্ন হলে এ সার্কুলারের ৩.৭ অনুচ্ছেদের (১) হতে (৪) এ বর্ণিত যাবতীয় নির্দেশনা অনুসরণ করতে হবে।

**৩.১০ আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তার ক্ষেত্রে করণীয় :**

কোন আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তার[১৯] হিসাব খোলা ও পরিচালনা উচ্চ ঝুঁকি সম্পন্ন হলে এ সার্কুলারের ৩.৭ অনুচ্ছেদের (১) হতে (৪) এ বর্ণিত যাবতীয় নির্দেশনা অনুসরণ করতে হবে।

---

[১৭] Politically Exposed Persons (PEPs) বলতে “individuals who are or have been entrusted with prominent public functions by a foreign country, for example Heads of State or of government, senior politicians, senior government, judicial or military officials, senior executives of state owned corporations, important political party officials” কে বুঝাবে।

[১৮] প্রভাবশালী ব্যক্তি বলতে “individuals who are or have been entrusted domestically with prominent public functions, for example Head of State or of government, senior politicians, senior government, judicial or military officials, senior executives of state owned corporations, important political party officials” কে বুঝাবে।

### ৩.১১ করেসপন্ডেন্ট ব্যাংকিং[২০] (Correspondent Banking) এর ক্ষেত্রে করণীয় :

ব্যাংকিং ব্যবস্থা যাতে মানিলন্ডারিং বা সন্ত্রাসী কার্যে অর্থায়নে ব্যবহৃত হতে না পারে সেজন্য আন্তঃদেশীয় করেসপন্ডেন্ট ব্যাংকিং (Cross Border Correspondent Banking) সম্পর্ক স্থাপন এবং তা অব্যাহত রাখার ক্ষেত্রে নিম্নের নির্দেশনাসমূহ আবশ্যিকভাবে পরিপালনীয় হবে :

(১) করেসপন্ডেন্ট ব্যাংকিং সেবা প্রদানের পূর্বে পরিশিষ্ট-'ক' মোতাবেক তথ্যাদি সংগ্রহপূর্বক করেসপন্ডেন্ট বা রেসপন্ডেন্ট ব্যাংকের ব্যবসায়ের প্রকৃতি সম্পর্কে নিশ্চিত হয়ে প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার অনুমোদন গ্রহণ করতে হবে। প্রযোজ্যক্ষেত্রে, পরিশিষ্ট-'ক' মোতাবেক তথ্যাদির অতিরিক্ত হিসেবে উন্মুক্ত উৎস (Open Source) হতেও প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে হবে;

(২) করেসপন্ডেন্ট বা রেসপন্ডেন্ট ব্যাংকটি সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক কার্যকরভাবে তদারক করা হয়, এ ব্যাপারে সন্তুষ্টি সাপেক্ষেই কেবলমাত্র কোনো বিদেশী ব্যাংকের সাথে করেসপন্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক স্থাপন করা যাবে বা বজায় রাখা যাবে;

(৩) কোনো Shell Bank এর সাথে করেসপন্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক স্থাপন করা যাবে না বা বজায় রাখা যাবে না;

(৪) যে সব করেসপন্ডেন্ট বা রেসপন্ডেন্ট ব্যাংক Shell Bank এর সাথে করেসপন্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক স্থাপন করে বা হিসাব সংরক্ষণ করে বা সেবা প্রদান করে তাদের সাথে করেসপন্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক স্থাপন করা যাবে না বা বজায় রাখা যাবে না;

(৫) যেসব দেশ মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধের আন্তর্জাতিক মান পূরণ করেনি বা তাৎপর্যপূর্ণ ঘাটতি রয়েছে (যেমনঃ ফাইন্যান্সিয়াল অ্যাকশন টাস্কফোর্সের পাবলিক ডকুমেন্টে High Risk and Non-Cooperative Jurisdictionঃ হিসেবে তালিকাভুক্ত দেশ) সেসব দেশের ব্যাংকের সাথে করেসপন্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক স্থাপন বা বজায় রাখার ব্যাপারে গ্রাহক সম্পর্কিত অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। এসব ব্যাংকের প্রকৃত সুবিধাভোগী এবং মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে তাদের নীতি ও পদ্ধতি সম্পর্কে বিস্তারিত তথ্য সংগ্রহ করতে হবে;

(৬) যে সকল রেসপন্ডেন্ট ব্যাংক তাদের গ্রাহকদেরকে করেসপন্ডেট ব্যাংকের মাধ্যমে সরাসরি লেনদেন সম্পাদন করার সুযোগ প্রদান করে থাকে (অর্থাৎ Payable through accounts[২১]) তাদের সাথে করেসপন্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে -

(ক) রেসপন্ডেন্ট ব্যাংক কর্তৃক তাদের গ্রাহকের CDD যথাযথভাবে সম্পাদন করার বিষয়টি নিশ্চিত হতে হবে; এবং

(খ) করেসপন্ডেট ব্যাংকের অনুরোধের প্রেক্ষিতে রেসপন্ডেন্ট ব্যাংক কর্তৃক সংশ্লিষ্ট গ্রাহকের CDD বিষয়ক তথ্যাদি সরবরাহ করা সম্ভব মর্মে নিশ্চিত হতে হবে।

(৭) এ সার্কুলারে বর্ণিত নির্দেশনাবলী বিদ্যমান সকল করেসপন্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক পুনঃমূল্যায়নের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

---

[১৯] আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তা বলতে "persons who are or have been entrusted with a prominent function by an international organization refers to members of senior management, i.e. directors, deputy directors and members of the board or equivalent functions" কে বুঝাবে।

[২০] করেসপন্ডেন্ট ব্যাংকিং বলতে যে কোনো এক ব্যাংক (করেসপন্ডেন্ট) কর্তৃক অন্য ব্যাংককে (রেসপন্ডেন্ট) ব্যাংকিং সেবা প্রদানকে বুঝাবে। এরূপ ব্যাংকিং সেবা বলতে ক্রেডিট, ডিপোজিট, কালেকশন, ক্লিয়ারিং, পেমেন্ট, ক্যাশ ম্যানেজমেন্ট, আন্তর্জাতিক অয়্যার ট্রান্সফার, ডিমান্ড ড্রাফট্ এর জন্য ড্রয়িং অ্যারেঞ্জমেন্ট বা অনুরূপ অন্য কোনো সেবা প্রদানকে বুঝাবে।

[২১] "Payable through accounts" বলতে "Correspondent accounts that are used directly by third parties to transact business on their own behalf" বুঝাবে।

**৩.১২ এজেন্ট ব্যাংকিং সংক্রান্ত নির্দেশনা :**

এজেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকসমূহ নিম্নরূপ নির্দেশনা পরিপালন করবে :

(১) মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন সংক্রান্ত সকল নির্দেশনা পরিপালনের দায়ভার এজেন্টের পাশাপাশি সংশ্লিষ্ট ব্যাংকের উপর বর্তাবে;

(২) এজেন্ট এবং গ্রাহকদের হিসাব খোলার ক্ষেত্রে বিএফআইইউ কর্তৃক জারীকৃত অভিন্ন হিসাব খোলার ফরম ব্যবহার;

(৩) এজেন্ট ও গ্রাহকের সন্দেহজনক লেনদেন বা কার্যক্রম সনাক্তকরণ ও রিপোর্টকরণে সচেতন থাকা;

(৪) এজেন্ট ব্যাংকিং সংক্রান্ত কমপ্লায়েন্স প্রোগ্রামের মধ্যে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম অন্তর্ভুক্ত করা ও এজেন্টদের উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করা এবং

(৫) এজেন্ট নিয়োগ ও তাদের কার্যক্রম মনিটরিং এর জন্য নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করতে হবে :

(ক) এজেন্ট নির্বাচনে যথাযথ যাচাই বা বাছাই প্রক্রিয়া (Screening Mechanism)[২২] অনুসরণপূর্বক তাদের পূর্ণাঙ্গ ও সঠিক পরিচিতি নিশ্চিতকরণ;

(খ) এজেন্টদের লেনদেনের পরিমাণ ও সংখ্যা, ভৌগলিক অবস্থান, ব্যবসায় ও মালিকানার প্রকৃতি এবং অন্যান্য যুক্তিযুক্ত বিষয়াবলী বিবেচনায় নিয়ে তাদের ঝুঁকির স্তর (উচ্চ, মধ্যম ও নিম্ন) নির্ধারণ এবং নিরূপিত ঝুঁকির স্তর বিবেচনায় নিয়ে এজেন্টদের লেনদেন ও কার্যক্রম তদারকীকরণ;

(গ) প্রতিষ্ঠান কর্তৃক ঝুঁকির স্তর নির্ধারণের কাজটি নিয়মিতভাবে (On-going) সম্পন্নকরণ;

(ঘ) এজেন্টদের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত পরিপালন অবস্থা যাচাইকরণ;

(ঙ) বার্ষিক ভিত্তিতে উচ্চ ঝুঁকি সম্পন্ন এজেন্টদের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ পরিপালন অবস্থা যাচাইয়ের নিমিত্তে পরিদর্শন/নিরীক্ষা কার্যক্রম পরিচালনাকরণ এবং এ সংক্রান্ত প্রতিবেদন মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিভিশন/বিভাগে প্রেরণ;

(চ) মধ্যম ও নিম্ন ঝুঁকি সম্বলিত এজেন্টদের পরিদর্শন/নিরীক্ষা কার্যক্রম প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত বিরতিতে সম্পন্নকরণ;

(ছ) এজেন্টদের হালনাগাদ (জানুয়ারি-জুন ভিত্তিক) তালিকা নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ; এবং

(জ) বিভিন্ন অভিযোগ/অনিয়মের ভিত্তিতে বাতিলকৃত এজেন্টদের একটি আলাদা তালিকা (জানুয়ারি-জুন ভিত্তিক) নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ।

**৩.১৩ অন্যান্য নির্দেশনা :**

(১) ব্যাংক কর্তৃক কোনো গ্রাহককে Previlege ব্যাংকিং সুবিধা প্রদান করার ক্ষেত্রে CDD সংক্রান্ত অন্যান্য নির্দেশনা অনুসরণের পাশাপাশি গ্রাহক সম্পর্কিত অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(২) যেসব দেশ মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধের আন্তর্জাতিক মান পূরণ করেনি বা তাৎপর্যপূর্ণ ঘাটতি রয়েছে (যেমন : ফাইন্যান্সিয়াল অ্যাকশন টাস্কফোর্সের পাবলিক ডকুমেন্টে High Risk and Non-

---

[২২] যাচাই প্রক্রিয়া এর মধ্যে নিয়োগের জন্য নির্বাচিত এজেন্টের ব্যক্তিগত তথ্যাবলী এবং অপরাধমূলক কাজের সম্পৃক্ততা আছে কিনা তা যাচাইয়ের বিষয়াবলী অন্তর্ভুক্ত থাকবে।

Cooperative Jurisdictions[২৩] হিসেবে তালিকাভুক্ত দেশ) সেসব দেশের কোনো ব্যক্তি বা সত্তার (আইনগত প্রতিনিধি, আর্থিক প্রতিষ্ঠানসহ যে কোনো প্রতিষ্ঠান) সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপন ও বজায় রাখা এবং লেনদেন সম্পাদনের ক্ষেত্রে গ্রাহক সম্পর্কিত অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং

**৩.১৪ সশরীরে অনুপস্থিত গ্রাহকের ( Non face to face customer) ক্ষেত্রে করণীয় :**

ব্যাংক তাদের সশরীরে অনুপস্থিত গ্রাহককে[২৪] সেবা প্রদানের ক্ষেত্রে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়নের ঝুঁকি নিরূপণ এবং ঝুঁকি নিরসনের নীতি ও পদ্ধতি প্রণয়ন করবে এবং সময় সময় তা পর্যালোচনা করবে।

**৩.১৫ নতুন সেবা বা প্রযুক্তি গ্রহণের ক্ষেত্রে করণীয় :**

ব্যাংক কর্তৃক প্রযুক্তি নির্ভর নতুন কোনো সেবা বা পদ্ধতি (যেমন, ইন্টারনেট ব্যাংকিং, ইলেকট্রনিক কার্ড ইত্যাদি) প্রচলন বা প্রচলিত সেবা বা পদ্ধতির উন্নয়নের ক্ষেত্রে উক্ত সেবা বা পদ্ধতির মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন ঝুঁকি চিহ্নিত করবে, তার মাত্রা নিরূপণ করবে এবং এরূপ সেবা বা পদ্ধতি হতে সৃষ্ট ঝুঁকি মোকাবেলার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। উল্লেখ্য, আলোচ্য ব্যবস্থাদি নতুনরূপে উদ্ভাবিত সেবা বা পদ্ধতির প্রচলন বা উন্নয়নকৃত সেবা বা পদ্ধতির প্রচলনের পূর্বেই গ্রহণ করতে হবে।

**৩.১৬ গোপনীয়তা রক্ষা :**

সন্দেহজনক লেনদেন বা কার্যক্রম সনাক্তকরণ বা রিপোর্ট করার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বিষয়টির কঠোর গোপনীয়তা নিশ্চিত করবেন। অন্যথায় বিষয়টি মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২, ধারা ৬(৩) এর আওতায় শাস্তিযোগ্য বলে বিবেচিত হবে। বিভিন্ন সময়ে বিএফআইইউ কর্তৃক যাচিত সংবেদনশীল তথ্যের যথাযথ গোপনীয়তা নিশ্চিত করতে হবে।

**৪। বিদেশে অবস্থিত ব্যাংক শাখা ও সাবসিডিয়ারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে করণীয় :**

(১) প্রতিটি ব্যাংক বিদেশে অবস্থিত তাদের শাখা ও সাবসিডিয়ারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২, সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ ও উক্ত আইনের আওতায় জারীকৃত বিধিমালায় বর্ণিত বিধানাবলী এবং বিএফআইইউ কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশনাবলীর যথাযথ পরিপালন নিশ্চিত করবে;

(২) বিদেশে অবস্থিত শাখা বা সাবসিডিয়ারী প্রতিষ্ঠান যদি কোনো কারণে মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২, সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ ও উক্ত আইনের আওতায় জারীকৃত বিধিমালায় বর্ণিত বিধানাবলী এবং বিএফআইইউ কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালনে অসমর্থ হয় তবে তার কারণ অবিলম্বে বিএফআইইউকে অবহিত করতে হবে; এবং

(৩) এই সার্কুলারে বর্ণিত নির্দেশনা বাংলাদেশ ব্যাংক কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত কোনো ব্যাংকের Off-Shore Banking Unit (OBU) ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

---

[২৩] http://www.fatf-gafi.org/publications/high-riskandnon-cooperativejurisdictions/?hf=10&b=0&s=desc(fatf_releasedate)

[২৪] সশরীরে অনুপস্থিত গ্রাহক বলতে ঐ সকল গ্রাহককে বুঝাবে যারা ব্যাংক শাখায় সশরীরে উপস্থিত না হয়ে ব্যাংকের এজেন্টের মাধ্যমে বা নিজের পেশাদার প্রতিনিধির (আইনজীবী, একাউন্ট্যান্ট ইত্যাদি) মাধ্যমে হিসাব খুলে থাকে এবং পরিচালনা করে থাকে।

**৫। লেনদেন মনিটরিং :**

লেনদেন মনিটরিং সন্দেহজনক লেনদেন সনাক্তকরণের একটি গুরুত্বপূর্ণ উপায় বিধায় প্রতিটি ব্যাংক কে অত্যন্ত সচেতনতা ও সতর্কতার সাথে গ্রাহকের লেনদেনসমূহ মনিটর করতে হবে। লেনদেন মনিটরিং এর ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনা করতে হবে :

(১) প্রতিটি ব্যাংক গ্রাহকের লেনদেন নিয়মিত ম্যানুয়েল এবং/অথবা অটোমেটেড উপায়ে মনিটর করবে;

(২) সকল জটিল, অস্বাভাবিক এবং আপাতদৃষ্টিতে যে সকল লেনদেনের কোনো আর্থিক বা দৃষ্টিগ্রাহ্য বৈধ উদ্দেশ্য নেই এরূপ লেনদেন অধিকতর গুরুত্ব সহকারে মনিটর করতে হবে;

(৩) লেনদেন মনিটরিং এর ক্ষেত্রে ব্যাংকসমূহ শাখায় মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২, ধারা ২(ফ)(ঈ) এ বর্ণিত কার্যক্রম (Structuring) সংগঠিত হচ্ছে কিনা তা সনাক্তকরণে সচেষ্ট থাকবে এবং প্রযোজ্য ক্ষেত্রে, এ সার্কুলারে বর্ণিত অনুচ্ছেদ ৭ এর নির্দেশনা অনুসারে বিএফআইইউ তে রিপোর্ট দাখিল করবে;

(৪) লেনদেন মনিটরিং এর ক্ষেত্রে সকল প্রকার বৈদেশিক মুদ্রার লেনদেন এবং ইলেকট্রনিক উপায়ে সংঘটিত সকল লেনদেনসমূহও বিবেচনা করতে হবে; এবং

(৫) লেনদেন মনিটরিং এর ক্ষেত্রে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সংশ্লিষ্ট রেজ্যুলুশন এবং যেসব দেশ মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধের আন্তর্জাতিক মান পূরণ করেনি বা তাৎপর্যপূর্ণ ঘাটতি রয়েছে এ সংক্রান্ত বিষয়াবলী বিবেচনায় নিতে হবে।

**৬। নগদ লেনদেন রিপোর্ট (Cash Transaction Report-CTR) :**

বিএফআইইউ বরাবরে নগদ লেনদেন দাখিল করার ক্ষেত্রে ব্যাংকসমূহ নিম্নোক্ত বিষয়াবলী অনুসরণ করবে :

(১) প্রতিটি ব্যাংক শাখাসমূহের পূর্ববর্তী মাসের দৈনন্দিন লেনদেন পরীক্ষা করে কোনো একটি হিসাবে কোনো একটি নির্দিষ্ট দিনে এক বা একাধিক লেনদেনের মাধ্যমে জমা বা উত্তোলনের (অনলাইন, এটিএমসহ যে কোনো ধরণের নগদ জমা বা উত্তোলন) পরিমাণ যদি ১০(দশ) লক্ষ টাকা বা তদূর্ধ্ব অর্থের বা সমমূল্যের বৈদেশিক মুদ্রায় হয় তবে তা স্ব স্ব মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ/ডিভিশন এর মাধ্যমে মাসিক ভিত্তিতে বিএফআইইউ বরাবরে নগদ লেনদেন রিপোর্ট হিসেবে দাখিল করবে;

(২) প্রতি মাসের নগদ লেনদেন রিপোর্ট পরবর্তী মাসের ২১ তারিখের মধ্যে goAML web ব্যবহার করে goAML Manual[২৫] এর নির্দেশনা মোতাবেক দাখিল করতে হবে;

(৩) ব্যাংকের কোনো শাখায় এরূপ কোনো লেনদেন সংঘটিত না হলে শাখা হতে "নগদ লেনদেন রিপোর্ট যোগ্য কোনো লেনদেন নেই" মর্মে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ/ডিভিশনকে অবহিত করতে হবে। "নগদ লেনদেন রিপোর্ট" দাখিলের সময় মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ/ডিভিশন এসকল শাখার একটি তালিকা "goAML Message Board" এর মাধ্যমে বিএফআইইউকে অবহিত করবে;

(৪) শাখা হতে নগদ লেনদেন রিপোর্ট দাখিল করার পূর্বে লেনদেনসমূহ পর্যালোচনা করে কোনো সন্দেহজনক লেনদেন সংঘটিত হয়েছে কিনা তা চিহ্নিত করতে হবে ও সন্দেহজনক লেনদেন পরিলক্ষিত হলে পৃথকভাবে "সন্দেহজনক লেনদেন রিপোর্ট" হিসেবে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিভিশন/বিভাগে দাখিল করতে হবে। সন্দেহজনক লেনদেন পরিলক্ষিত না হলে নগদ লেনদেন রিপোর্টের সাথে "সন্দেহজনক লেনদেন পাওয়া যায়নি" মর্মে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ/ডিভিশনকে অবহিত করতে হবে;

---

[২৫] http://www.bb.org.bd/eservices.php ওয়েবলিংক হতে goAML সংশ্লিষ্ট প্রয়োজনীয় Document ডাউনলোড করা যাবে।

(৫) প্রত্যেক ব্যাংক শাখার নগদ লেনদেন রিপোর্ট মাসিক ভিত্তিতে সংশ্লিষ্ট শাখায় সংরক্ষণ করতে হবে। তবে কোনো ব্যাংক কর্তৃক এ সংক্রান্ত তথ্য কেন্দ্রীয়ভাবে সংরক্ষণ করা হলে, বিশেষ প্রয়োজনে (লেনদেন মনিটরিং বা নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট দাখিল ইত্যাদি) তাতে শাখার প্রবেশাধিকার থাকতে হবে। এ সংক্রান্ত তথ্যাদি বিএফআইইউ এ দাখিলের মাস হতে কমপক্ষে ৫(পাঁচ) বছর সংরক্ষণ করবে;

(৬) যেসব ব্যাংক কেন্দ্রীয়ভাবে রিপোর্টযোগ্য নগদ লেনদেন আহরণ করে, সেক্ষেত্রে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ/ডিভিশন ব্যাংকের রিপোর্টযোগ্য সকল নগদ লেনদেন পর্যালোচনা করে কোনো সন্দেহজনক লেনদেন সংঘটিত হয়েছে কিনা তা চিহ্নিত করবে ও সন্দেহজনক লেনদেন পরিলক্ষিত হলে পৃথকভাবে "সন্দেহজনক লেনদেন রিপোর্ট" হিসেবে বিএফআইইউ বরাবর দাখিল করবে। সন্দেহজনক লেনদেন পরিলক্ষিত না হলে "সন্দেহজনক লেনদেন পাওয়া যায়নি" মর্মে প্রত্যয়ন পত্র মাসিক "নগদ লেনদেন রিপোর্ট" দাখিলের সময় goAML Message Board এর মাধ্যমে বিএফআইইউকে অবহিত করবে;

(৭) সরকারি হিসাব (বিভিন্ন মন্ত্রণালয়, স্থানীয় সরকার ও সরকারী বিভিন্ন বিভাগ), সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান, আধা সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের হিসাবে নগদ জমার ক্ষেত্রে নগদ লেনদেন রিপোর্ট দাখিল করার প্রয়োজন হবে না, তবে নগদ উত্তোলনের ক্ষেত্রে যথানিয়মে নগদ লেনদেন রিপোর্ট দাখিল করতে হবে; এবং

(৮) আন্তঃব্যাংক এবং আন্তঃশাখা নগদ লেনদেনের ক্ষেত্রে নগদ লেনদেন রিপোর্ট দাখিল করার প্রয়োজন হবে না।

## ৭। সন্দেহজনক লেনদেন রিপোর্ট (Suspicious Transaction Report-STR) :

বিএফআইইউ বরাবরে সন্দেহজনক লেনদেন দাখিল করার ক্ষেত্রে ব্যাংকসমূহ নিম্নোক্ত বিষয়াবলী অনুসরণ করবে :

(১) মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৫(১)(ঘ) ধারা এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৬(১) ধারায় বর্ণিত নির্দেশ বাস্তবায়নের নিমিত্তে ব্যাংকের সকল কর্মকর্তা গ্রাহকের দৈনন্দিন লেনদেন বা কার্যক্রমে সন্দেহজনক লেনদেন সনাক্তকরণে সচেতন ও সতর্ক থাকবেন;

(২) সন্দেহজনক লেনদেন সনাক্তকরণে ব্যাংক কর্মকর্তাগণ মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২(য) ধারা এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ২(১৬) ধারায় বর্ণিত সংজ্ঞা বিবেচনা করবেন;

(৩) ব্যাংক শাখার কোনো কর্মকর্তা কর্তৃক সন্দেহজনক লেনদেন বা কার্যক্রম চিহ্নিত হওয়ার সাথে সাথে তা শাখা মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তাকে লিখিতভাবে অবহিত করতে হবে। শাখা মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা রিপোর্টকৃত লেনদেন বা কার্যক্রম অবিলম্বে যথাযথভাবে বিশ্লেষণ করবেন এবং পর্যবেক্ষণসমূহ বিশদভাবে লিপিবদ্ধ করে সংরক্ষণ করবেন। বর্ণিত লেনদেন বা কার্যক্রমটি সন্দেহজনক হিসেবে বিবেচিত হলে তা অবিলম্বে প্রয়োজনীয় দলিলাদিসহ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ/ডিভিশনে প্রেরণ করতে হবে;

(৪) মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ/ডিভিশন শাখা হতে প্রাপ্ত সন্দেহজনক লেনদেন বা কার্যক্রমটি যথাযথভাবে ও প্রয়োজনীয় তথ্য-উপাত্ত বা দলিলাদি সন্নিবেশিত করে রিপোর্ট করা হয়েছে কি না তা পর্যালোচনাপূর্বক অবিলম্বে goAML web ব্যবহার করে এবং goAML Manual এর নির্দেশনা অনুসারে বিএফআইইউ বরাবর সন্দেহজনক লেনদেন /কার্যক্রম রিপোর্ট দাখিল করবে;

(৫) শাখা পর্যায়ে কোনো লেনদেন বা কার্যক্রম সন্দেহজনক হিসেবে চিহ্নিত না হলেও মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ/ডিভিশন কর্তৃক কোনো লেনদেন বা কার্যক্রম সন্দেহজনক প্রতীয়মান হলে তা সন্দেহজনক লেনদেন রিপোর্ট হিসেবে বিএফআইইউ বরাবর দাখিল করতে হবে; এবং

(৬) ব্যাংকসমূহ সন্দেহজনক লেনদেন রিপোর্ট এর তথ্যাদি বিএফআইইউ কর্তৃক পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত সংরক্ষণ করবে।

## ৮। সেল্ফ এ্যাসেসমেন্ট[২৬] ও ইন্ডিপেন্ডেন্ট টেস্টিং[২৭] :

মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে একটি কার্যকরি ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের মাধ্যমে শাখাসমূহ হতে প্রাপ্ত সেল্ফ এ্যাসেসমেন্ট সংক্রান্ত প্রতিবেদন বিশ্লেষণ এবং ইন্ডিপেন্ডেন্ট টেস্টিং যথাযথভাবে সম্পন্ন করার জন্য উক্ত বিভাগটিতে এমনরূপ পর্যাপ্ত লোকবল নিশ্চিত করতে হবে যাদের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে বিদ্যমান আইন, বিধিমালা, বিএফআইইউ এর নির্দেশনা এবং এ বিষয়ক ব্যাংকের নিজস্ব নীতিমালা সম্পর্কে সম্যক জ্ঞান রয়েছে।

### ৮.১ শাখাসমূহের করণীয় :

(১) প্রতিটি শাখা কর্তৃক সেল্ফ এ্যাসেসমেন্ট এর জন্য নির্ধারিত চেকলিষ্ট (পরিশিষ্ট **'খ'**) এর উপর ভিত্তি করে ষান্মাসিক ভিত্তিতে নিজেদের শাখার মূল্যায়ন করতে হবে;

(২) আলোচ্য মূল্যায়ন প্রতিবেদন চূড়ান্ত করার পূর্বে শাখা ব্যবস্থাপকের সভাপতিত্বে শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে সভা করতে হবে। উক্ত সভায় শাখা মূল্যায়ন প্রতিবেদনের খসড়ার উপর আলোচনা করতে হবে, চিহ্নিত সমস্যা শাখা পর্যায়ে সমাধান করা সম্ভবপর না হলে শাখা কর্তৃক অবিলম্বে ব্যবস্থা গ্রহণপূর্বক চূড়ান্ত করতে হবে এবং চূড়ান্ত প্রতিবেদনে সুপারিশ লিপিবদ্ধ করতে হবে। মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক পরবর্তী ত্রৈমাসিক সভাগুলোতে এতদসংশ্লিষ্ট বিষয়ের অগ্রগতি নিয়ে আলোচনা করতে হবে; এবং

(৩) প্রতিটি ষান্মাসিককাল সমাপ্ত হওয়ার পরবর্তী মাসের **১৫** তারিখের মধ্যে সেল্ফ এ্যাসেসমেন্ট সংক্রান্ত প্রতিবেদন, এ বিষয়ে শাখা কর্তৃক গৃহীত/গৃহীতব্য কার্যক্রমের বিবরণ ও সুপারিশসহ প্রধান কার্যালয়ের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ ও মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ/ডিভিশনে প্রেরণ করতে হবে ।

### ৮.২ অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের করণীয় :

(১) অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক শাখাসমূহ হতে প্রাপ্ত সেল্ফ এ্যাসেসমেন্ট সংক্রান্ত প্রতিবেদন যাচাই করে কোনো শাখায় কোনো ঝুঁকিপূর্ণ বিষয় পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে শাখাটি পরিদর্শনের ব্যবস্থা করতে হবে এবং বিষয়টি মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ/ডিভিশনকে অবহিত করতে হবে;

(২) অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ তাদের নিজস্ব এবং নিয়মিত বার্ষিক পরিদর্শন/নিরীক্ষা কর্মসূচী অনুসারে বিভিন্ন শাখার পরিদর্শন/নিরীক্ষা কার্যক্রম সম্পাদনকালে ইন্ডিপেন্ডেন্ট টেস্টিং প্রসিডিউর এর নির্ধারিত চেকলিষ্টের (পরিশিষ্ট **"গ"**)-ভিত্তিতে সংশ্লিষ্ট শাখার মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম সংশ্লিষ্ট বিষয়াদি পরীক্ষা করবে ও শাখার রেটিং নির্ধারণপূর্বক সংশ্লিষ্ট শাখার প্রতিবেদন প্রণয়ন করবে। এছাড়া, নিয়মিত বার্ষিক পরিদর্শন/নিরীক্ষা কর্মসূচীর অতিরিক্ত কমপক্ষে **১০%** শাখায় পৃথক পরিদর্শন কর্মসূচীর আওতায় ইন্ডিপেন্ডেন্ট টেস্টিং প্রসিডিউর এর নির্ধারিত চেকলিষ্ট (পরিশিষ্ট **"গ"**)–এর ভিত্তিতে সংশ্লিষ্ট শাখার মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম সংক্রান্ত পরিপালনীয় বিষয়াদি পরীক্ষা করবে ও শাখার রেটিং নির্ধারণপূর্বক প্রতিবেদন প্রণয়ন করবে;

(৩) অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ পরিদর্শিত/নিরীক্ষিত শাখাসমূহের রেটিং সম্বলিত প্রতিবেদনের কপি ব্যাংকের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ/ডিভিশন বরাবরে প্রেরণ করবে; এবং

---

[২৬] সেল্ফ এ্যাসেসমেন্ট বলতে এ সার্কুলারের সাথে সংযুক্ত পরিশিষ্ট-খ মোতাবেক শাখা কর্তৃক নিজস্ব মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন অবস্থা যাচাই করাকে বোঝাবে।

[২৭] ইন্ডিপেন্ডেন্ট টেস্টিং বলতে এ সার্কুলারের সাথে সংযুক্ত পরিশিষ্ট-গ মোতাবেক ব্যাংকের অভ্যন্তরীন নিরীক্ষা বিভাগ কর্তৃক শাখার মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন অবস্থা যাচাই করাকে বোঝাবে।

(৪) এজেন্ট ব্যাংকিং কার্যক্রমে নিয়োজিত ব্যাংকসমূহের ক্ষেত্রে অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ তাদের এজেন্টদের মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম সংশ্লিষ্ট বিষয়াদির পরিপালন অবস্থা যাচাইয়ের নিমিত্তে বার্ষিক ভিত্তিতে ন্যূনতম ১০% এজেন্টের উপর পরিদর্শন/নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করবে এবং এসংক্রান্ত প্রতিবেদনের কপি মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ/ডিভিশনে প্রেরণ করবে।

**৮.৩। মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিভিশন/বিভাগের করণীয় :**

(১) মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ/ডিভিশন শাখাসমূহ হতে প্রাপ্ত সেল্ফ এ্যাসেসমেন্ট সংক্রান্ত প্রতিবেদন এবং ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক দাখিলকৃত পরিদর্শন/নিরীক্ষা প্রতিবেদনের উপর ভিত্তি করে বিবেচ্য ষান্মাসিকে পরিদর্শিত শাখাসমূহের চেকলিস্ট ভিত্তিক মূল্যায়ন প্রতিবেদন[২৮] প্রস্তুত করবে। উক্ত প্রতিবেদনে অন্যান্য বিষয়ের সাথে আবশ্যিকভাবে নিম্নের বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকবে :

(ক) মোট শাখার সংখ্যা এবং শাখা হতে প্রাপ্ত মোট সেল্ফ এ্যাসেসমেন্ট সংক্রান্ত প্রতিবেদনের সংখ্যা;

(খ) রিপোর্টকালে অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক পরিদর্শিত/নিরীক্ষিত শাখার সংখ্যা এবং শাখাসমূহের অবস্থা (শাখাওয়ারী প্রাপ্ত নম্বর);

(গ) প্রাপ্ত সেল্ফ এ্যাসেসমেন্ট সংক্রান্ত প্রতিবেদনে অধিক সংখ্যক শাখায় একই ধরনের যে সকল অনিয়মের বিষয় উল্লেখ রয়েছে তা উল্লেখপূর্বক ঐ সকল অনিয়ম রোধে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ/ডিভিশন কর্তৃক গৃহীত ব্যবস্থা;

(ঘ) অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে উল্লিখিত সাধারণ ও বিশেষ অনিয়মসমূহ এবং ঐ সকল অনিয়ম রোধে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ/ডিভিশন কর্তৃক গৃহীত ব্যবস্থা; এবং

(ঙ) প্রাপ্ত রিপোর্টে "অসন্তোষজনক" ও "প্রান্তিক" হিসেবে মূল্যায়িত শাখাসমূহের পরিপালন নিশ্চিতকরণ ও রেটিং উন্নয়নকল্পে গৃহীত ব্যবস্থা।

(২) শাখাসমূহ হতে প্রাপ্ত সেল্ফ এ্যাসেসমেন্ট সংক্রান্ত প্রতিবেদন যাচাই করে কোনো শাখায় কোনো ঝুঁকিপূর্ণ বিষয় পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে শাখাটি পরিদর্শন বা অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের মাধ্যমে পরিদর্শনের ব্যবস্থা করতে হবে এবং বিষয়টি উপযুক্ত কর্তৃপক্ষের নজরে আনতে হবে।

৯। **অয়্যার ট্রান্সফার (Wire transfer) :**

**"অয়্যার ট্রান্সফার (Wire transfer)"** বলতে এমন আর্থিক লেনদেনকে বুঝাবে যাতে কোনো আবেদনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের অনুরোধে কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান ইলেক্ট্রনিক মাধ্যম ব্যবহার করে অপর কোনো ব্যাংক বা প্রতিষ্ঠানের শাখার সহায়তায় বেনিফিশিয়ারি ব্যক্তি বা প্রতিষ্ঠানকে অর্থ প্রদান করে।

**৯.১ সকল ধরনের অয়্যার ট্রান্সফারের ক্ষেত্রে নিম্নোক্ত তথ্যাবলী গ্রহণ নিশ্চিত করতে হবে :**

**(১) আন্তঃদেশীয় অয়্যার ট্রান্সফার[২৯] :**

(ক) সাধারণ বা বিশেষ অনুমতির আওতায় অন্যূন ১,০০০(এক হাজার) বা তদূর্ধ্ব পরিমাণ মার্কিন ডলার বা সমমূল্যের বৈদেশিক মুদ্রায় আন্তঃদেশীয় অয়্যার ট্রান্সফারের ক্ষেত্রে আবেদনকারীর[৩০] সঠিক[৩১] তথ্য

---

[২৮] এ সার্কুলারের অনুচ্ছেদ ১.৩(৩) এ উল্লিখিত প্রতিবেদনের অনুরূপ।

[২৯] "আন্তঃদেশীয় অয়্যার ট্রান্সফার (Cross-border wire transfer)" বলতে এরূপ আর্থিক লেনদেনকে বুঝাবে যে ক্ষেত্রে আবেদনকারী এবং বেনিফিশিয়ারী ভিন্ন ভিন্ন দেশে অবস্থান করে। তাছাড়া পরস্পর সম্পর্কযুক্ত একাধিক ট্রান্সফারের ক্ষেত্রে ন্যূনপক্ষে একটি লেনদেন দেশের বাইরে সম্পাদিত হলে তাও আন্তঃদেশীয় অয়্যার ট্রান্সফার মর্মে গণ্য হবে।

সংগ্রহ, সংরক্ষণ এবং উক্ত তথ্য ইন্টারমিডিয়ারি/বেনিফিশিয়ারি ব্যাংকে প্রেরণ করতে হবে। এছাড়াও বর্ণিত সীমার নীচের লেনদেনসমূহের ক্ষেত্রে আবেদনকারীর এরূপ সংরক্ষণ করতে হবে যাতে আবেদনকারীকে সনাক্ত করা সম্ভব হয়;

(খ) আন্তঃদেশীয় অয়্যার ট্রান্সফারের অর্থ বেনিফিশিয়ারি[৩২]কে প্রদানের ক্ষেত্রে বেনিফিশিয়ারি সম্পর্কিত তথ্য সংরক্ষণ করতে হবে; এবং

(গ) যে সকল ক্ষেত্রে একক আবেদনকারী কর্তৃক একাধিক আন্তঃদেশীয় অয়্যার ট্রান্সফারের মাধ্যমে একাধিক বেনিফিসিয়ারির অনুকূলে ব্যাচ ফাইলে গুচ্ছাকারে (Bundled in a batch file) প্রেরণ করা হয় সে সকল ক্ষেত্রে ব্যাচ ফাইলে আবেদনকারীর সঠিক ও বেনিফিসিয়ারীর পূর্ণাঙ্গ তথ্য অন্তর্ভুক্ত করতে হবে। এছাড়া, আবেদনকারীর হিসাব নম্বরও এক্ষেত্রে ব্যাংক অন্তর্ভুক্ত করবে।

**(২) অভ্যন্তরীণ ওয়্যার ট্রান্সফার[৩৩] :**

(ক) ব্যাংক কর্তৃক সম্পাদিত অভ্যন্তরীণ অয়্যার ট্রান্সফারের ক্ষেত্রে আবেদনকারী বা বেনিফিশিয়ারির পরিচিতি সংক্রান্ত তথ্য গ্রহণ ও যাচাইয়ের ক্ষেত্রে এ সার্কুলারের অনুচ্ছেদ ৩ এ বর্ণিত প্রযোজ্য নির্দেশনাসমূহ পরিপালন করতে হবে;

(খ) ডেবিট বা ক্রেডিট কার্ড ব্যবহার করে অয়্যার ট্রান্সফারের ক্ষেত্রে (পণ্য ও সেবা ক্রয় ব্যতীত) পরিশোধ সংক্রান্ত ইন্স্ট্রাকশন/বার্তায় উপরের ২(ক) এর অনুরূপ তথ্য সংরক্ষণ করতে হবে; এবং

(গ) সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অনুকূলে অয়্যার ট্রান্সফারের ক্ষেত্রে উপর্যুক্ত নির্দেশনাসমূহের পরিপালন বাধ্যতামূলক নয়। আন্তঃব্যাংক লেনদেন কার্যক্রমের ক্ষেত্রে উপরের ২(ক) দফায় বর্ণিত নির্দেশনা পরিপালন অব্যাহতিযোগ্য বিবেচিত হবে।

**৯.২ অয়্যার ট্রান্সফার সংক্রান্ত অন্যান্য নির্দেশনা :**

(১) এতদ্‌সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনাকালে সংশ্লিষ্ট সকল পক্ষকে আবশ্যিকভাবে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত নির্দেশনা; এ ইউনিট কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা এবং এ সম্পর্কিত সব আইন বা বিধিবিধান যথারীতি অনুসরণ করতে হবে; এবং

(২) আন্তঃদেশীয় অয়্যার ট্রান্সফার এবং অভ্যন্তরীণ অয়্যার ট্রান্সফারের ক্ষেত্রে এ সার্কুলারের ২(৩) এবং ১০ নম্বর অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনার পরিপালন করতে হবে।

---

[৩০] "আবেদনকারী (Applicant/originator)" বলতে এমন কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে (হিসাবধারী কিংবা হিসাবধারী নন) বুঝাবে যার অনুরোধের সূত্রে সংশ্লিষ্ট ব্যাংক বর্ণিত অয়্যার ট্রান্সফার কার্য সম্পাদন করে।

[৩১] আবেদনকারীর সঠিক তথ্য বলতে আবেদনকারীর নাম এবং ঠিকানা বা জাতীয় পরিপত্র বা জন্মতারিখ সম্পর্কিত এরূপ তথ্যকে বোঝাবে যার সঠিকতা যাচাই করা হয়েছে।

[৩২] "বেনিফিশিয়ারী (Beneficiary)" বলতে এমন কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে (হিসাবধারী কিংবা হিসাবধারী নন) বুঝাবে যার অনুকূলে অর্থ প্রেরণ করা হয়।

[৩৩] "অভ্যন্তরীন অয়্যার ট্রান্সফার (Domestic wire transfer)" বলতে এরূপ লেনদেনকে বুঝাবে যেক্ষেত্রে আবেদনকারী ও বেনিফিশিয়ারী একই দেশে অবস্থান করে। এক্ষেত্রে পরস্পর সম্পর্কযুক্ত একাধিক ট্রান্সফারে ব্যবহৃত প্রক্রিয়া অন্য কোনো দেশে সম্পন্ন হলেও তা অভ্যন্তরীণ অয়্যার ট্রান্সফার মর্মে গণ্য হবে।

**৯.৩ অর্ডারিং, ইন্টারমিডিয়ারী ও বেনিফিশিয়ারি ব্যাংকের করণীয় :**

(১) **অর্ডারিং ব্যাংক :** অর্ডারিং ব্যাংককে অয়্যার ট্রান্সফার সংক্রান্ত লেনদেনের ক্ষেত্রে আবেদনকারীর সঠিক এবং পূর্ণাঙ্গ তথ্য নিশ্চিত করতে হবে। এছাড়া অর্ডারিং ব্যাংককে বেনিফিশিয়ারির অর্থবহ তথ্য সংগ্রহ করতে হবে। এসব তথ্য ন্যূনতম ০৫ (পাঁচ) বছর সংরক্ষণ করতে হবে এবং উপযুক্ত কর্তৃপক্ষের অনুরোধে তা অবিলম্বে সরবরাহ করতে হবে।

(২) **ইন্টারমিডিয়ারী ব্যাংক :**

(ক) আন্তঃদেশীয় এবং অভ্যন্তরীণ উভয় ধরনের অয়্যার ট্রান্সফারের ক্ষেত্রে অর্ডারিং ব্যাংক ও বেনিফিশিয়ারি ব্যাংকের মাঝে কোনো ব্যাংক যে কোনো ধরণের ইন্টারমিডিয়ারী হিসেবে কার্য সম্পাদনকালে উক্ত ব্যাংক কর্তৃক আবেদনকারী এবং বেনিফিশিয়ারি সম্পর্কিত তথ্যাদি সংরক্ষণ নিশ্চিত করতে হবে। আবেদনকারী এবং বেনিফিশিয়ারি সম্পর্কিত অপর্যাপ্ত তথ্যাদি চিহ্নিত করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। এছাড়াও অর্ডারিং ব্যাংক (প্রযোজ্য ক্ষেত্রে অন্য কোনো ইন্টারমিডিয়ারী ব্যাংক) হতে প্রাপ্ত তথ্য ইন্টারমিডিয়ারী ব্যাংক/ প্রতিষ্ঠান কর্তৃক ন্যূনতম ০৫ (পাঁচ) বছর সংরক্ষণ করতে হবে; এবং

(খ) প্রতিটি ইন্টারমিডিয়ারী ব্যাংক কর্তৃক অয়্যার ট্রান্সফার সম্পাদনের ক্ষেত্রে আবেদনকারী বা বেনিফিশিয়ারির তথ্যের অভাবে উক্ত ট্রান্সফার সম্পাদন বা স্থগিতকরণ বা রহিতকরণ এবং প্রয়োজনীয় ফলোআপ কার্যক্রমের জন্য সংশ্লিষ্ট ব্যাংকে একটি ঝুঁকিভিত্তিক নীতিমালা ও পদ্ধতি থাকতে হবে।

(৩) **বেনিফিশিয়ারি ব্যাংক :**

(ক) অয়্যার ট্রান্সফার সংক্রান্ত লেনদেন কার্যক্রমে জড়িত বেনিফিশিয়ারি ব্যাংককে আবেদনকারীর বা বেনিফিশিয়ারির পূর্ণাঙ্গ তথ্যের কোনো ঘাটতি আছে কি না তা যাচাই করার জন্য একটি ঝুঁকিভিত্তিক পদ্ধতির প্রবর্তন করতে হবে। বেনিফিশিয়ারির পূর্ণাঙ্গ তথ্যের কোনো ঘাটতি অথবা পরিচিতি যাচাই না করা হয়ে থাকলে {অন্যূন ১,০০০(এক হাজার) বা তদূর্ধ্ব পরিমাণ মার্কিন ডলার বা সমতুল্য পরিমাণ বৈদেশিক মুদ্রার লেনদেনের ক্ষেত্রে} প্রয়োজনবোধে সংশ্লিষ্ট পক্ষসমূহ পারস্পরিক যোগাযোগের মাধ্যমে বা অন্যান্য সূত্র ব্যবহার করে তথ্য সংগ্রহ করবে বা পরিচিতি যাচাই করবে। প্রাপক/ বেনিফিশিয়ারীকে অর্থ পরিশোধের সময় বেনিফিশিয়ারি ব্যাংককে প্রাপক/ বেনিফিশিয়ারির পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য সংগ্রহ ও সংশ্লিষ্ট তথ্য ন্যূনতম ০৫ (পাঁচ) বছর সংরক্ষণ করতে হবে; এবং

(খ) প্রতিটি বেনিফিশিয়ারি ব্যাংক কর্তৃক অয়্যার ট্রান্সফার সম্পাদনের ক্ষেত্রে আবেদনকারী বা বেনিফিশিয়ারির তথ্যের অভাবে উক্ত ট্রান্সফার সম্পাদন বা স্থগিতকরণ বা রহিতকরণ এবং প্রয়োজনীয় ফলোআপ কার্যক্রমের জন্য সংশ্লিষ্ট ব্যাংকে একটি ঝুঁকিভিত্তিক নীতিমালা ও পদ্ধতি থাকতে হবে।

## ১০। সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ (Prevention of Financing of Terrorism and Financing of Proliferation of Weapons of Mass Destruction) ঃ

জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়ন সংক্রান্ত রেজুলুশনসমূহের বাস্তবায়নের জন্য নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করবে :

(১) প্রত্যেক ব্যাংক পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়ন সংক্রান্ত লেনদেন প্রতিরোধ ও সনাক্ত করার লক্ষ্যে একটি পদ্ধতি প্রতিষ্ঠা করবে, ব্যাংকের কর্মকর্তাদের দায়-দায়িত্ব সম্পর্কিত নির্দেশনা জারী করবে, সময় সময় তা পর্যালোচনা করবে এবং বিএফআইইউ কর্তৃক জারীকৃত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করা হচ্ছে কিনা তা নিশ্চিত করবে;

(২) সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়ন সম্পর্কিত সংবাদ গণমাধ্যমে প্রকাশ হবার সাথে সাথে উক্ত কর্মকান্ডের সাথে জড়িত কোনো ব্যক্তি বা সত্তার কোনো ব্যাংক হিসাব পরিচালিত হয়ে থাকলে এ বিষয়ক বিস্তারিত তথ্য সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক অবিলম্বে বিএফআইইউ বরাবরে প্রেরণ করতে হবে;

(৩) প্রতিটি ব্যাংক জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলুশনের আওতায় সন্ত্রাস, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়নে জড়িত সন্দেহে তালিকাভুক্ত কোনো ব্যক্তি বা সত্তা এবং বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোনো ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তার হালনাগাদ তথ্য ইলেক্ট্রনিক পদ্ধতিতে সংরক্ষণ করবে। জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলুশনের আওতায় তালিকাভুক্ত ব্যক্তি বা সত্তা এবং বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোনো ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তার সংজ্ঞা এ সার্কুলারের ২(২) অনুচ্ছেদে প্রদান করা হয়েছে;

(৪) প্রতিটি ব্যাংক জাতিসংঘের নিরাপত্তা পরিষদের কোনো রেজুলুশনের আওতায় বা বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত বা নিষিদ্ধ ঘোষিত কোনো ব্যক্তি বা সত্তার নামে অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন অথবা কোনো সহযোগী ব্যক্তি বা সত্তার নামে ব্যাংক হিসাব রয়েছে কিনা বা কোনো লেনদেন সংঘটিত হয়েছে কিনা তা চিহ্নিত করার জন্য নিয়মিত লেনদেন মনিটর করবে এবং প্রয়োজনে লেনদেন পর্যালোচনা করবে ও False Positive[৩৪] সংক্রান্ত তথ্য সংরক্ষণ করবে। তালিকাভুক্ত বা নিষিদ্ধ ঘোষিত কোনো ব্যক্তি বা সত্তা অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন অথবা কোনো সহযোগী ব্যক্তি বা সত্তার কোনো ব্যাংক হিসাব বা লেনদেন[৩৫] চিহ্নিত হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট ব্যাংক উক্ত হিসাবের লেনদেন বা লেনদেনটি স্থগিত করে পরবর্তী কর্ম দিবসের মধ্যে এ বিষয়ক বিস্তারিত তথ্য বিএফআইইউকে অবহিত করবে; এবং

(৫) জাতিসংঘের নিরাপত্তা পরিষদ কর্তৃক গৃহীত রেজুলুশন ১৩৭৩ (২০০১) এর আওতায় বিদেশী সরকার বা বিদেশী এফআইইউ এর অনুরোধে বিএফআইইউ হতে প্রেরিত বা উক্ত রেজুলুশনের আওতায় বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত বা নিষিদ্ধ ঘোষিত কোনো ব্যক্তি বা সত্তার সাথে ব্যাংক হিসাব বা অন্য কোনো সম্পর্ক রয়েছে কিনা তা চিহ্নিত করার জন্য ব্যাংক নিয়মিত লেনদেন মনিটর করবে এবং প্রয়োজনে লেনদেন পর্যালোচনা করবে। তালিকাভুক্ত বা নিষিদ্ধ ঘোষিত কোনো ব্যক্তি বা সত্তার কোনো ব্যাংক হিসাব চিহ্নিত হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট ব্যাংক উক্ত হিসাবের লেনদেন স্থগিত করে পরবর্তী কর্ম দিবসের মধ্যে বিস্তারিত তথ্য বিএফআইইউকে অবহিত করবে।

## ১১। নিয়োগ ও প্রশিক্ষণ :

### ১১.১ নিয়োগ :

মানিলন্ডারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়নের ঝুঁকি নিরসনের লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে ব্যাংকসমূহ নিম্নোক্ত বিষয়াবলী বিবেচনা করবে :

(১) নিয়োগ প্রক্রিয়ায় যথাযথ যাচাই প্রক্রিয়া (Screening Mechanism) অনুসরণ করবে; এবং

(২) মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিভিশন/বিভাগে উপযুক্ত সংখ্যক সম্যক বিষয়ে দক্ষ কর্মকর্তার পদায়ন করবে।

---

[৩৪] False positive means a situation whereby a freeze action is taken on the basis of available information and upon further inquiry and receipt of additional clarifying information, such freeze action is determined not to be the correct course of action. An example is a freeze action taken on the basis of mistaken identity.

[৩৫] ব্যাংক হিসাব বা লেনদেন চিহ্নিত করার ক্ষেত্রে ব্যাংক কর্তৃক প্রদত্ত সকল প্রকার সেবা প্রদান বিবেচ্য হবে।

**১১.২ প্রশিক্ষণ- ব্যাংক কর্মকর্তা :**

মানিলন্ডারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রমের যথাযথ পরিপালন নিশ্চিত করার লক্ষ্যে ব্যাংকসমূহ নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করবে :

(১) সকল কর্মকর্তাদের মানিলন্ডারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ সংশ্লিষ্ট বিষয়ে উপযুক্ত প্রশিক্ষণ[৩৬] প্রদানের ব্যবস্থা করবে ;

(২) প্রধান এবং উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা এবং সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণের কর্মদক্ষতা বৃদ্ধির জন্য উপযুক্ত প্রশিক্ষণ প্রদান এবং/অথবা পেশাগত সনদ অর্জনের ব্যবস্থা করতে হবে; এবং

(৩) এছাড়াও ব্যাংক প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য ও দলিলাদি সংরক্ষণ করবে।

**১১.৩ শিক্ষণ- ব্যাংক গ্রাহক :**

মানিলন্ডারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে গ্রাহকদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ব্যাংকসমূহ নিম্নোক্ত পদক্ষেপসমূহ গ্রহণ করবে ঃ

(১) ব্যাংক তাদের গ্রাহকদের হিসাব খোলার প্রাক্কালে যাচিত বিভিন্ন তথ্য সন্নিবেশ ও দলিলাদি দাখিলের যৌক্তিকতার বিষয়ে গ্রাহককে অবহিত করবে এবং মানিলন্ডারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে গ্রাহকদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সময় সময় লিফলেট বিতরণ এবং প্রতিটি ব্যাংক শাখার দৃশ্যমান স্থানে এ বিষয়ক পোস্টার স্থাপনের ব্যবস্থা করবে; এবং

(২) এছাড়াও মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বিভিন্ন গণমাধ্যমসহ অন্যান্য মাধ্যমে এ বিষয়ক সচেতনতামূলক বিজ্ঞাপন, তথ্যচিত্র ইত্যাদি প্রচারের ব্যবস্থা করবে।

**১২। রেকর্ড এবং প্রয়োজনীয় তথ্য/দলিলাদি সংরক্ষণ :**

(১) ব্যাংক কোনো গ্রাহক সংশ্লিষ্ট নিম্নে বর্ণিত প্রয়োজনীয় তথ্যাদি/দলিলাদি হিসাব বন্ধ হওয়ার পর অন্যূন ৫ (পাঁচ) বৎসর সংরক্ষণ করবে :

(ক) অভ্যন্তরীণ ও বৈদেশিক লেনদেন সংক্রান্ত তথ্যাদি বা দলিলাদি;

(খ) KYC সহ CDD প্রক্রিয়া সম্পাদনকালে/হালনাগাদকালে সংগৃহীত সকল তথ্য ও দলিলাদি এবং কোনো গ্রাহকের বিষয়ে কোনো প্রতিবেদন বা যে কোনো ধরনের হিসাব বা লেনদেনের তথ্য পর্যালোচনা অথবা ব্যাংকের সার্বিক পরিপালন অবস্থার বিষয়ে কোনো প্রতিবেদন প্রণীত হলে এ সকল তথ্যাদি/দলিলাদি; এবং

(গ) Walk-in Customer কর্তৃক সংঘটিত লেনদেন সংক্রান্ত তথ্যাদি বা দলিলাদি।

(২) মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন সংক্রান্ত প্রশিক্ষণ, সভা, নিরীক্ষা/পরিদর্শন এবং বিশেষ পরিদর্শন সংক্রান্ত তথ্য ও দলিলাদি সংরক্ষণ করবে; এবং

(৩) প্রযোজ্য ক্ষেত্রে, সংরক্ষিত তথ্যাদি অপরাধ কার্যক্রমের বিচারিক প্রক্রিয়ায় দালিলিক প্রমাণ হিসেবে উপস্থাপন করতে হবে এবং সংরক্ষিত সকল তথ্যাদি ও দলিলাদি বিএফআইইউ এর চাহিদা বা নির্দেশনা মোতাবেক সরবরাহ করতে হবে।

**১৩। অন্যান্য :**

(১) নিম্নবর্ণিত সার্কুলার ও সার্কুলার লেটার ব্যতিত ইতঃপূর্বে বিএফআইইউ কর্তৃক ২৮/১২/২০১৪ তারিখে জারীকৃত বিএফআইইউ সার্কুলার নম্বর-১০ এ বর্ণিত সকল নির্দেশনা এবং অন্যান্য নির্দেশনা এ সার্কুলার দ্বারা প্রতিস্থাপিত বলে গণ্য হবে;

---

[৩৬] উপযুক্ত প্রশিক্ষণ বলতে বিভিন্ন স্তরের এবং বিভিন্ন বিভাগের কর্মকর্তাদের জন্য বিভিন্ন ধরণের (Target Oriented) প্রশিক্ষণ এবং একটি নির্দিষ্ট সময় অন্তর অন্তর Refresher Training কে বুঝাবে।

| সার্কুলার/ সার্কুলার লেটার নং | জারীর তারিখ | বিষয় |
|---|---|---|
| বিএফআইইউ সার্কুলার লেটার-০১ | ৩০ জানুয়ারি, ২০১২ | বিএফআইইউ নামকরণ প্রসঙ্গে। |
| বিএফআইইউ সার্কুলার নং-০৭ | ১৪ জুলাই, ২০১৩ | সন্ত্রাস বিরোধী (সংশোধন) আইন, ২০১৩ জারী প্রসঙ্গে। |
| বিএফআইইউ সার্কুলার লেটার নং--০৬ | ৮ ডিসেম্বর, ২০১৫ | মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর সংশোধনী জারী প্রসঙ্গে। |
| বিএফআইইউ সার্কুলার লেটার নং- ০১ | ১৬ জানুয়ারি, ২০১৭ | অভিন্ন হিসাব খোলার ফরম প্রসঙ্গে। |
| বিএফআইইউ সার্কুলার লেটার নং- ০৩ | ৩০ জানুয়ারি, ২০১৭ | বিএফআইইউ সার্কুলার লেটার নং- ০১ এর সংশোধনী প্রসঙ্গে। |

(২) এতদ্সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনাকালে সংশ্লিষ্ট সব পক্ষকে আবশ্যিকভাবে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত নির্দেশনা, এ ইউনিট কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশনা এবং এ সম্পর্কিত সব আইন বা বিধিবিধান অনুসরণ করতে হবে; এবং

(৩) এ সার্কুলারের নির্দেশনাসমূহ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী ঃ মোট ১৫ (পনের) পৃষ্ঠা।

(দেবপ্রসাদ দেবনাথ)
মহাব্যবস্থাপক ও অপারেশনাল প্রধান
ফোনঃ ৯৫৩০১১৮

প্রতিলিপি নং-বিএফআইইউ(পলিসি)-৩/২০১৭- তারিখ ঃ উল্লিখিত

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রম অনুযায়ী নয়)

১. সিনিয়র সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান বাংলাদেশ সিকিউরিটিজ এক্সচেঞ্জ কমিশন, জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, শিল্প ব্যাংক ভবন, ৮ ডিআইটি এভিনিউ, ঢাকা।
৪. চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, সাধারণ বীমা ভবন-২, ১৩৯, মতিঝিল, ঢাকা।
৫. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ, ঢাকা
৬. চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ, ৯/এফ, মতিঝিল, ঢাকা।
৭. চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ, ১০৮০, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৮. সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. নির্বাহী পরিচালক/মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বগুড়া/সিলেট/সদরঘাট,ঢাকা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
১০. সভাপতি, মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশন, ইউসুফচেম্বার (৭মফ্লোর), ২০ দিলখুশা, ঢাকা।
১১. চেয়ারম্যান/প্রেসিডেন্ট, এ্যাসেট ম্যানেজমেন্ট কোং এন্ড মিউচ্যুয়াল ফান্ডস, প্রযত্নেঃ রেস পোর্টফোলিও এন্ড ইস্যু ম্যানেজমেন্ট লিঃ, লেভেল-১৩, বিডিবিএল ভবন, ৮ রাজউক এভিনিউ, ঢাকা।
১২. চেয়ারম্যান, বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকস, ৪২ কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা।
১৩. চেয়ারম্যান, এসোসিয়েশন অব ব্যাংকার্স বাংলাদেশ, ৭৩ ইস্টার্ন কমার্শিয়াল কমপ্লেক্স, কাকরাইল, ঢাকা।
১৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল তফসিলী ব্যাংক ও সকল আর্থিক প্রতিষ্ঠান।
১৫. নির্বাহী পরিচালক, গভর্নর মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৬. গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৭. ডেপুটি গভর্নর মহোদয়গণের সাথে সংযুক্ত উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৮. চীফ ইকোনোমিস্ট/অর্থনৈতিক উপদেষ্টা/নির্বাহী পরিচালক মহোদয়গণের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৯. মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর, ঢাকা।
২০. মহাসচিব, দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ, বিএসআরএস ভবন, ১০ম তলা, ১২, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
২১. প্রিন্সিপাল, বাংলাদেশ ব্যাংক প্রশিক্ষণ একাডেমী, মিরপুর, ঢাকা।

(মোঃ মাসুদ রানা)
যুগ্ম-পরিচালক
ফোন : ২৫৫৬৬৫০০১-২০/২০২৯০

পরিশিষ্ট-ক

**ANTI-MONEY LAUNDERING & COMBATING FINANCING of TERRORISM QUESTIONNAIRE FOR CORESPONDENT RELATIONSHIP**

**A. BASIC INFORMATION**

1. Name of Institution: ______________________________________________
2. Registered Address: _.____________________________________________
3. Website Address: ______________________________________________
4. Principal Business Activities: ________________________________________
5. Regulatory Authority: ______________________________________________
6. Operational Status:

- Does your Bank maintain a physical presence in the licensing country? ☐ Yes / ☐ No

**B. OWNERSHIP / MANAGEMENT**

7. Is your institution listed on any stock exchange? ☐ Yes / ☐ No
   If so, which stock exchange?

   ______________________________________________________

8. If ''No'' to Q7, please provide a list of the major shareholders holding more than 10% shares in your institution.

   ______________________________________________________

   ______________________________________________________

**C. ANTI-MONEY LAUNDERING AND TERRORIST FINANCING CONTROLS**

If you answer "no" to any question, additional information can be supplied at the end of the questionnaire.

**I. General AML&CFT Policies, Practices and Procedures:**

9. Does your institution have in place policies and procedures approved by your institution's board or senior management to prevent Money Laundering and Combat Financing of Terrorism? ☐ Yes / ☐ No

10. Does your institution have a legal and regulatory compliance program that includes a designated officer that is responsible for coordinating and overseeing the AML/CFT framework? ☐ Yes / ☐ No

11. Has your institution developed written policies documenting the processes that they have in place to prevent, detect and report suspicious transactions? ☐ Yes / ☐ No

12. Does your institution have a policy prohibiting accounts/relationships with shell banks? *(A shell bank is defined as a bank incorporated in a jurisdiction in which it has no physical presence and which is unaffiliated with a regulated financial group.)* ☐ Yes / ☐ No

13. Does your institution permit the opening of anonymous or numbered accounts by customers? ☐ Yes / ☐ No

14. Does your institution have policies to reasonably ensure that they will not conduct transactions with or on behalf of shell banks through any of its accounts or products? ☐ Yes / ☐ No

15. Does your institution have policies covering relationships with Politically Exposed Persons (PEP's), their family and close associates? Yes / No

16. Does your institution have policies and procedures that require keeping all the records related to customer identification and their transactions? ☐ Yes / ☐ No
If ''Yes'', for how long?____________________________________

**II. Risk Assessment**

17. Does your institution have a risk-based assessment of its customer base and their transactions? ☐ Yes / ☐ No

18. Does your institution determine the appropriate level of enhanced due diligence necessary for those categories of customers and transactions that the FI has reason to believe pose a heightened risk of illicit activities at or through the FI? ☐ Yes / ☐ No

**III. Know Your Customer, Due Diligence and Enhanced Due Diligence**

19. Has your institution implemented processes for the identification of those customers on whose behalf it maintains or operates accounts or conducts transactions? ☐ Yes / ☐ No

20. Does your institution have a requirement to collect information regarding its customers' business activities? ☐ Yes / ☐ No

21. Does your institution have a process to review and, where appropriate, update customer information relating to high risk client information? ☐ Yes / ☐ No

22. Does your institution have procedures to establish a record for each new customer noting their respective identification documents and 'Know Your Customer' information? ☐ Yes / ☐ No

23. Does your institution complete a risk-based assessment to understand the normal and expected transactions of its customers? ☐ Yes / ☐ No

**IV. Reportable Transactions for Prevention and Detection of ML/TF**

24. Does your institution have policies or practices for the identification and reporting of transactions that are required to be reported to the authorities? ☐ Yes / ☐ No

25. Where cash transaction reporting is mandatory, does your institution have procedures to identify transactions structured to avoid such obligations? ☐ Yes / ☐ No

26. Does your institution screen customers and transactions against lists of persons, entities or countries issued by government/competent authorities or under the UN security Council Resolution? ☐ Yes / ☐ No

27. Does your institution have policies to reasonably ensure that it only operates with correspondent banks that possess licenses to operate in their countries of origin? ☐ Yes / ☐ No

**IV. Transaction Monitoring**

28. Does your institution have a monitoring program for unusual and potentially suspicious activity that covers funds transfers and monetary instruments such as travelers checks, money orders, etc? ☐ Yes / ☐ No

**V. AML Training**

29. Does your institution provide AML& CFT training to relevant employees of your organisation? ☐ Yes / ☐ No

30. Does your institution communicate new AML related laws or changes to existing AML related policies or practices to relevant employees? ☐ Yes / ☐ No

31. Does your institution provide AML training to relevant third parties if they are employed to carry out some of the functions of your organisation? ☐ Yes / ☐ No

**Space for additional information:**

*(Please indicate which question the information is referring to.)*

.....................................................................................................................................................

.....................................................................................................................................................

**D. <u>GENERAL</u>**

32. Does the responses provided in this Declaration applies to the following entities: ☐ Yes / ☐ No
    - Head Office and all domestic branches
    - Overseas branches
    - Domestic subsidiaries
    - Overseas subsidiaries

If the response to any of the above is ''No'', please provide a list of the branches and /or subsidiaries that are excluded, including the name of the institution, location and contact details.

I, the undersigned, confirm to the best of my knowledge that the information provided in this questionnaire is current, accurate and representative of the anti-money laundering and anti-terrorist financing policies and procedures that are established in my institution.

I also confirm that I am authorized to complete this questionnaire on behalf of my institution.

Signature: ____________________________________

Name: ____________________________________

Designation: ____________________________________

Date: ____________________________________

Contact No: ____________________________________

Email: ___________________________________

**পরিশিষ্ট-খ**

**----- ব্যাংক লিঃ**

**---- শাখা।**

**<u>শাখা কর্তৃক Self Assessment পদ্ধতির মাধ্যমে নিজস্ব অবস্থান নির্ণয়</u>**

প্রতিটি ব্যাংক শাখা মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বিদ্যমান আইন, বিধিমালা, বিএফআইইউ কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশনা ও ব্যাংকের নিজস্ব মানি লন্ডারিং প্রতিরোধ ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ নীতিমালার আলোকে নিম্নবর্ণিত প্রশ্নমালার বিস্তারিত উত্তর প্রদানের মাধ্যমে Self Assessment পদ্ধতিতে নিজেদের অবস্থান নির্ণয় করবে ঃ

| প্রশ্নমালা | যাচাইয়ের মানদন্ড | শাখার বর্তমান-অবস্থা | গৃহীতব্য কার্যক্রম/সুপারিশ |
|---|---|---|---|
| ১. শাখায় মোট কর্মকর্তার সংখ্যা কত (পদানুযায়ী)? কতজন কর্মকর্তা মানিলন্ডারিং প্রতিরোধ ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক আনুষ্ঠানিক প্রশিক্ষণ গ্রহণ করেছেন ? (শতকরা হার) | *প্রশিক্ষণ সংক্রান্ত রেকর্ড যাচাই করতে হবে।* | | |
| ২.ক) শাখার মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (BAMLCO) জেষ্ঠ্য ও অভিজ্ঞ কিনা? বিগত দুই বছরে তিনি মানিলন্ডারিং প্রতিরোধ ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক কোন প্রশিক্ষণ পেয়েছেন কি না?<br>খ) শাখায় মানি লন্ডারিং প্রতিরোধ কার্যক্রম যথানিয়মে পরিপালিত হচ্ছে এ বিষয়টি নিশ্চিত হওয়ার লক্ষ্যে BAMLCO নির্দিষ্ট ও গ্রহণযোগ্য সময় পর পর এবং কার্যকর প্রক্রিয়ায় মনিটরিং ও পর্যালোচনা করে থাকেন কিনা? | *BAMLCO কর্তৃক –*<br>• *KYC কার্যক্রমের যথার্থতা মনিটরিং করা হয় কিনা?*<br>• *যথাযথভাবেঃ- Transaction মনিটরিং এবং সন্দেহজনক লেনদেন রিপোর্ট (ইন্টারনাল রিপোর্টসহ) করা হয় কিনা?*<br>• *যথাযথভাবে রেকর্ড সংরক্ষণ করা হয় কিনা?*<br>• *CTR যাচাই এবং STR সনাক্তকরণে ব্যবস্থা নেয়া হয় কিনা?*<br>• *বৈদেশিক মুদ্রার ইনওয়ার্ড ও আউটওয়ার্ড লেনদেন মনিটরিং করা হচ্ছে কিনা?* | | |
| ৩. BAMLCO সহ শাখার কর্মকর্তাগণ মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বিদ্যমান আইন, বিধিমালা, বিএফআইইউ কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশনা ও ব্যাংকের নিজস্ব মানি লন্ডারিং প্রতিরোধ ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ নীতিমালা সম্পর্কে অবহিত আছেন কি? | *বিষয়টি যাচাইয়ের পদ্ধতি কী? (বিস্তারিত লিখুন)* | | |

| প্রশ্নমালা | যাচাইয়ের মানদন্ড | শাখার বর্তমান-অবস্থা | গৃহীতব্য কার্যক্রম/সুপারিশ |
|---|---|---|---|
| ৪. শাখা পর্যায়ে ত্রৈমাসিক ভিত্তিতে মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক সভা অনুষ্ঠিত হয় কিনা? | ● *সভার আলোচ্যসূচি সকলের অবগতির জন্য বণ্টন করা হয় কিনা?*<br>● *সভায় কী কী গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়েছে?*<br>● *সভায় গৃহীত সিদ্ধান্ত কিভাবে বাস্তবায়িত হয়?* | | |
| ৫. সকল প্রকার হিসাব খোলা ও লেনদেন পরিচালনার ক্ষেত্রে মানি লন্ডারিং প্রতিরোধ আইন, সন্ত্রাস বিরোধী আইন এবং সময়ে সময়ে বিএফআইইউ কর্তৃক জারীকৃত নির্দেশনা অনুসারে গ্রাহক পরিচিতি সন্তোষজনকভাবে গ্রহণ করা হয় কিনা ? | ● *গ্রাহক পরিচিতির যথার্থতা কিভাবে যাচাই করা হয়? কিভাবে তা শাখায় সংরক্ষণ করা হচ্ছে?*<br>● *KYC সম্পাদনকালে গ্রাহকের তহবিলের উৎস যাচাই করা হয় কিনা?*<br>● *হিসাবের প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner) সনাক্ত করা হয় কিনা এবং তা যাচাই এর প্রক্রিয়া সন্তোষজনক কিনা?*<br>● *উচ্চ ঝুঁকিবিশিষ্ট গ্রাহকদের ক্ষেত্রে ঝুঁকির নিরীখে অতিরিক্ত তথ্য (EDD) সংগ্রহ করা হয় কিনা?* | | |
| ৬. ক) ঝুঁকির ভিত্তিতে শাখা তাদের গ্রাহকদের শ্রেণীবিন্যাস/শ্রেণীকরণ করে কিনা?<br>খ) উচ্চ ঝুঁকিসম্পন্ন হিসাবের লেনদেন মনিটরিং করা হয় কিনা? | ● *এ পর্যন্ত কতটি উচ্চ ঝুঁকি সম্পন্ন হিসাব শাখায় খোলা হয়েছে?*<br>● *এ ধরনের হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে শাখা কী পদক্ষেপ গ্রহণ করেছে?*<br>● *কী পদ্ধতিতে উচ্চ ঝুঁকিসম্পন্ন হিসাবের লেনদেন মনিটরিং করা হয়?* | | |
| ৭. বিএফআইইউ কর্তৃক জারীকৃত নির্দেশনা এবং ব্যাংকের নিজস্ব নীতিমালা অনুযায়ী মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন সংক্রান্ত ঝুঁকি প্রতিরোধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কী না? | ● *এ বিষয়ক নিজস্ব নীতিমালা প্রণয়ন করা হয়েছে কিনা?*<br>● *উক্ত নীতিমালা শাখায় কিভাবে বাস্তবায়িত হচ্ছে?* | | |

| প্রশ্নমালা | যাচাইয়ের মানদন্ড | শাখার বর্তমান-অবস্থা | গৃহীতব্য কার্যক্রম/সুপারিশ |
|---|---|---|---|
| ৮. শাখা গ্রাহকের KYC Profile এর তথ্য বিএফআইইউ কর্তৃক জারীকৃত নির্দেশনা মোতাবেক নির্দিষ্ট সময় পর পর পুনঃমূল্যায়নপূর্বক হালনাগাদ করে কিনা? | *কী পদ্ধতিতে এরূপ মূল্যায়ন সম্পাদিত হয়ে থাকে?* | | |
| ৯. শাখা Walk-in-Customer-দের ক্ষেত্রে KYC প্রক্রিয়া অনুসরণ করে কি? | *কিভাবে আলোচ্য প্রক্রিয়াটি সম্পন্ন করে থাকে?* | | |
| ১০. Online ব্যাংকিং এর ক্ষেত্রে হিসাবধারী ব্যতীত অন্য কোন ব্যক্তি অর্থ জমা করলে সেক্ষেত্রে কোন ধরনের KYC প্রক্রিয়া অনুসরণ করা হয় কি? | *হয়ে থাকলে কী প্রক্রিয়ায় তা সম্পাদিত হচ্ছে?* | | |
| ১১. শাখা কী পদ্ধতিতে গ্রাহকের লেনদেন মনিটরিং করে থাকে? | • *ব্যাংক শাখা কর্তৃক নির্ধারিত সীমার উপরের লেনদেনের (Threshhold ) ভিত্তিতে অথবা*<br>• *গ্রাহক কর্তৃক ঘোষিত লেনদেনের অনুমিত মাত্রা (TP) এর ভিত্তিতে; অথবা অন্য কোন পদ্ধতিতে ;*<br>• *গৃহীত লেনদেনের অনুমিত মাত্রা (TP) গ্রাহকের পেশা ও আয়ের সাথে সংগতিপূর্ণ কিনা তা যাচাই করা হয় কিনা?*<br>• *ঘোষিত অনুমিত মাত্রার সাথে পরবর্তীতে গ্রাহক কর্তৃক সম্পাদিত প্রকৃত লেনদেন যাচাই করা হয় কিনা ?*<br>• *শাখা কর্তৃক একটি নির্ধারিত Thershhold এর ভিত্তিতে প্রতিদিনের লেনদেন মনিটর করা হয় কিনা?*<br>• *শাখায় একটি নির্দিষ্ট সময় পর পর নমুনা ভিত্তিতে গ্রাহকের KYC Profile এ প্রদত্ত তথ্যের সাথে লেনদেনের সামঞ্জস্যতা যাচাই করা হয় কিনা?* | | |

| প্রশ্নমালা | যাচাইয়ের মানদন্ড | শাখার বর্তমান-অবস্থা | গৃহীতব্য কার্যক্রম/সুপারিশ |
|---|---|---|---|
| ১২. সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর অধীন সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধের লক্ষ্যে শাখা কী ধরনের পদক্ষেপ গ্রহণ করেছে? | • *জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলুশনের আওতায় সন্ত্রাস, সন্ত্রাসী কার্য ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়নে জড়িত সন্দেহে তালিকাভুক্ত কোন ব্যক্তি বা সত্তা এবং বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোন ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তার নামের তালিকা শাখায় সংরক্ষণ ও তদনুসারে হিসাব ও লেনদেন কার্যক্রম যাচাই করা হয় কিনা? রিপোর্টিং*<br>• *শাখা এ বিষয়ক নিজস্ব কোন পদ্ধতি অনুসরণ করে কি না?*<br>• *শাখা কর্তৃক কোন False Positive তালিকা সংরক্ষণ করা হয় কি না?*<br>• *এরূপ কোন ব্যক্তি বা সত্তার নামে শাখায় পরিচালিত হিসাবের (যদি থাকে) বিষয়ে বিএফআইইউ কে অবহিত করা হয় কিনা?* | | |
| ১৩. এ যাবৎ শাখা কর্তৃক কতগুলো সন্দেহজনক লেনদেন (STR) শনাক্ত করা হয়েছে? | • *শাখায় সন্দেহজনক লেনদেন চিহ্নিত করার কোন পদ্ধতি অনুসরণ করা হয় কিনা?*<br>• *শাখায় সন্দেহজনক লেনদেন রিপোর্টিং এর জন্য অভ্যন্তরীন রিপোর্টিং ব্যবস্থা চালু রয়েছে কিনা?*<br>• *শাখা পর্যায়ে নিষ্পত্তিকৃত অভ্যন্তরীন রিপোর্ট সংরক্ষণ করা হয় কিনা?*<br>• *এ যাবৎ কতগুলো STR সনাক্ত করা হয়েছে? কতগুলো AML/CFT Division/Dept. এ রিপোর্ট করা হয়েছে?* | | |

| প্রশ্নমালা | যাচাইয়ের মানদন্ড | শাখার বর্তমান-অবস্থা | গৃহীতব্য কার্যক্রম/সুপারিশ |
|---|---|---|---|
| ১৪. গ্রাহক কর্তৃক পুনঃ পুনঃ নগদ লেনদেন রিপোর্টিং (CTR) সীমার নীচে লেনদেন (Structuring) শনাক্ত করার কোন পদ্ধতি শাখা কর্তৃক প্রবর্তিত হয়েছে কিনা? | *প্রতিদিনের লেনদেনে Structuring শনাক্ত করার জন্য কোন রিপোর্ট তৈরী করা হচ্ছে কিনা বা কোন পদ্ধতি রয়েছে কিনা? (বিস্তারিত লিখুন)* | | |
| ১৫. শাখা কর্তৃক নিয়মিত ও সঠিকভাবে CTR কেন্দ্রীয় পরিপালন ইউনিটে প্রেরণ করা হচ্ছে কিনা? | • *প্রেরিত তথ্যের সঠিকতা কিভাবে যাচাই করা হচ্ছে?*<br>• *কেন্দ্রীয়ভাবে CTR রিপোর্ট করার ক্ষেত্রে শাখা নিজস্ব CTR রিপোর্ট সংগ্রহপূর্বক মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখে কিনা ?* | | |
| ১৬. মানি লন্ডারিং প্রতিরোধ আইন, সন্ত্রাস বিরোধী আইন, সার্কুলার, প্রশিক্ষণ রেকর্ড, বিবরণী ও অন্যান্য এএমএল/সিএফটি সংক্রান্ত বিষয়াবলীর আলাদা নথি শাখা কর্তৃক সংরক্ষণ করা হয় কিনা? আইন, সার্কুলার ইত্যাদির কপি শাখার সকল কর্মকর্তা/কর্মচারীদের সরবরাহ করা হয় কিনা? | *হয়ে থাকলে হ্যাঁ অথবা না হয়ে থাকলে না, আংশিক হলে কী কী সংরক্ষিত আছে তা লিখুন।* | | |
| ১৭. বিএফআইইউ মাস্টার সার্কুলার অনুসারে শাখায় PEPs, প্রভাবশালী ব্যক্তি, আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তার কোন হিসাব সংরক্ষণ করা হচ্ছে কিনা? | *উত্তর হ্যাঁ হলে এই হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে কী কী ধরণের সতর্কতা অবলম্বন করা হচ্ছে?* | | |
| ১৮. শাখায় অয়্যার ট্রান্সফার সংক্রান্ত লেনদেনের ক্ষেত্রে বিএফআইইউ এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে কিনা? | | | |
| ১৯. প্রধান কার্যালয় ও বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট-এর পরিদর্শন প্রতিবেদনে উল্লেখিত মানি লন্ডারিং প্রতিরোধ ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ পরিপালন বিষয়ক দূর্বলতা/অনিয়মসমূহ নিয়মিত করা হয়েছে কিনা? | *না হয়ে থাকলে প্রতিবন্ধকতাসমূহ কী কী?* | | |
| ২০. শাখা কর্তৃক বৈদেশিক রেমিটেন্সসহ অন্যান্য ইনওয়ার্ড ও আউটওয়ার্ড বৈদেশিক মুদ্রার লেনদেন মনিটরিং করা হয় কিনা? | *হয়ে থাকলে কিভাবে? ইনওয়ার্ড রেমিট্যান্স সংক্রান্ত লেনদেনে, প্রযোজ্য ক্ষেত্রে,* | | |

| **প্রশ্নমালা** | **যাচাইয়ের মানদন্ড** | **শাখার বর্তমান-অবস্থা** | **গৃহীতব্য কার্যক্রম/সুপারিশ** |
|---|---|---|---|
| | *বিএফআইইউ কর্তৃক সময়ে সময়ে সরবরাহকৃত সন্ত্রাসী সংগঠন/ ব্যক্তির তালিকা যাচাই করা হচ্ছে কিনা?* | | |
| ২১. শাখায় বৈদেশিক বাণিজ্য সংশ্লিষ্ট লেনদেন (এলসি, গ্যারান্টি ইত্যাদি) যথযাথভাবে মনিটরিং করা হচ্ছে কী না? | | | |
| ২২. শাখায় ঋণ হিসাব ও এ সংশ্লিষ্ট অন্যান্য লেনদেন যথযাথভাবে মনিটরিং করা হচ্ছে কী না? | | | |

| | |
|---|---|
| শাখা মানি লন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার নামযুক্ত সীলসহ স্বাক্ষর ও তারিখ | শাখা ব্যবস্থাপকের নামযুক্ত সীলসহ স্বাক্ষর ও তারিখ |

**অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ**
**-------- ব্যাংক লিঃ**
**প্রধান কার্যালয়**

# Independent Testing Proceduresঃ

**শাখা পরিদর্শনের চেকলিস্ট**

[ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বিদ্যমান আইন, বিধিমালা, বিএফআইইউ কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশনা ও ব্যাংকের নিজস্ব মানি লন্ডারিং প্রতিরোধ ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ নীতিমালার আলোকে নিম্নলিখিত প্রশ্নমালার যথাযথ উত্তর (ডকুমেন্ট ভিত্তিক) অনুসারে স্কোর প্রদানপূর্বক শাখার মানি লন্ডারিং প্রতিরোধ ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রমকে মূল্যায়ন করবে। অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক শাখার উপর প্রণীত বার্ষিক নিরীক্ষা প্রতিবেদনে (প্রযোজ্য ক্ষেত্রে পৃথক পরিদর্শন কর্মসূচীর আওতায় শুধুমাত্র Independent Testing Procedures ভিত্তিক প্রতিবেদন প্রণীত হবে) মানি লন্ডারিং প্রতিরোধ ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম মূল্যায়ন সংক্রান্ত আলাদা অধ্যায়ে সমুদয় বিষয়াদি সুপারিশসহ সন্নিবেশ করবে ।

(যাচাইয়ের মানদন্ড অনুসারে সম্পূর্ণরূপে পরিপালিত হলে সম্পূর্ণ স্কোর, আংশিক পরিপালনে আংশিক স্কোর এবং উত্তর নেতিবাচক হলে শূন্য স্কোর প্রদান করতে হবে।)

**ব্যাংকের নাম**
**শাখার নাম** ঃ

| ক্র. নং. | পরিদর্শন ক্ষেত্র | বিষয় | | যাচাইয়ের উপায় | মন্তব্য | মোট নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | | ৪ | ৫ | ৬ | |
| ১ | শাখা পরিপালন কর্মকর্তা মূল্যায়ন | ১ | ক) শাখায় একজন পরিপালন কর্মকর্তা (BAMLCO) আছেন কি না? | সর্বশেষ অফিস অর্ডার দেখুন এবং অফিস আদেশে BAMLCO এর Job Responsibities অন্তর্ভুক্ত রয়েছে কিনা যাচাই করুন। | | ১ | |
| | | | খ) BAMLCO অভিজ্ঞ ও জ্যেষ্ঠ কি না? | বিএফআইইউ সার্কুলারের নির্দেশনার আলোকে যাচাই করুন। | | ২ | |
| | | ২ | BAMLCO এর উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পরিপালন করে কিনা? | BAMLCO এর সার্বিক কার্যক্রম পরীক্ষা করুন | | ৩ | |
| ২ | গ্রাহক পরিচিতি (KYC) | ১ | ক) অভিন্ন হিসাব খোলার ফরম অনুযায়ী হিসাব খোলা হয় কি না ?<br>খ) হিসাব খোলার ফরম পূরণ করার জন্য প্রয়োজনীয় সকল তথ্য গ্রহণ করা হয়েছে কি না? | শাখায় হিসাব খোলার ক্ষেত্রে প্রয়োজনীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে কি না তা নিশ্চিত হওয়ার জন্য সকল ধরণের হিসাবের কমপক্ষে ৩ টি করে ফরম যাচাই করুন। সংগৃহীত তথ্য কিভাবে যাচাই করা হয়েছে, তা পরীক্ষা করুন। | | ২ | |
| | | ২ | ক) গ্রাহকের ব্যক্তি সংক্রান্ত তথ্য যথাযথভাবে যাচাই করা হয়েছে কি না? | কি পদ্ধতিতে যাচাই করা হয়েছে এবং যাচাই এর সপক্ষে সংরক্ষিত দলিলাদি পর্যালোচনা করুন। নমুনা ভিত্তিতে অন্তত ১০টি হিসাবের KYC ফরম ও সংশ্লিষ্ট দলিলাদি যাচাই করুন। | | ২ | |
| | | | খ) গ্রাহকের তহবিলের উৎস যাচাই করা হয়েছে কি না? | Risk Based Approach এর ভিত্তিতে অন্তত ১০টি হিসাবের তহবিলের উৎসের সঠিকতা যাচাই করুন। | | ৪ | |

| ক্র. নং. | পরিদর্শন ক্ষেত্র | | বিষয় | যাচাইয়ের উপায় | মন্তব্য | মোট নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|---|---|---|
| | | | গ) হিসাবের প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner) সনাক্ত করা হয় কিনা এবং উহা যাচাই প্রক্রিয়া কি? | বর্ণিত বিএফআইইউ সার্কুলার ও গাইডলাইনস এর ভিত্তিতে ১০টি হিসাবের KYC ফরমের সাথে সংযুক্ত কাগজপত্রাদি/তথ্যাদি যাচাই করে দেখতে হবে। | | ৪ | |
| | | ৩ | ক) শাখা কর্তৃক গ্রাহক নির্বাচন/হিসাব খোলা/সেবা প্রদানের জন্য ব্যাংকের প্রধান কার্যালয় কর্তৃক প্রণয়নকৃত রিস্ক ম্যানেজমেন্ট গাইডলাইন্সে উল্লিখিত নির্দেশাবলী শাখায় পরিপালন করা হয় কিনা? | রিস্ক রেজিস্টার মোতাবেক শাখা কি ব্যবস্থা নিয়েছে তা পরীক্ষা করুন। | | ২ | |
| | | | খ) শাখায় ঝুঁকিভিত্তিক গ্রাহক বিভাজন/শ্রেণীবিন্যাস/ শ্রেণীকরণ করা হয় কি না এবং তা যথাযথ কি না? | অভিন্ন হিসাব খোলার ফরমে প্রদত্ত রিস্ক গ্রেডিং অংশে উল্লেখিত নির্দেশনার সাথে শাখায় ঝুঁকিভিত্তিক গ্রাহক বিভাজন/শ্রেণীবিন্যাস/ শ্রেণীকরণ পদ্ধতি সংগতিপূর্ণ কি না তা পরীক্ষা করুন। | | ১ | |
| | | | গ) উচ্চ ঝুঁকিবিশিষ্ট গ্রাহকদের ক্ষেত্রে ঝুঁকির নিরীখে অতিরিক্ত তথ্য ও এতদসংক্রান্ত দলিলাদি সংরক্ষণ ও যাচাই করা হয় কি না (EDD)? | শাখায় সংরক্ষিত উচ্চ ঝুঁকিবিশিষ্ট গ্রাহকদের তালিকা সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট হিসাবসমূহ পর্যালোচনাকরত কী ধরণের তথ্য সংগ্রহ করা হয় এবং তা যথেষ্ট কি না পরীক্ষা করুন। | | ১ | |
| | | ৪ | ক) নির্দিষ্ট সময় পর পর/প্রয়োজন অনুসারে KYC হালনাগাদ করা হয় কি না ? | বিএফআইইউ সার্কুলারের নির্দেশনা মোতাবেক কাগজপত্রাদি/তথ্যাদি যাচাই করুন। | | ১ | |
| | | | খ) শাখা কর্তৃক ভাসমান/চলন্ত (walk-in/one-off customers) গ্রাহকদের (ডিডি, টিটি, পে অর্ডার, অনলাইন জমা, অনলাইন উত্তোলন ইত্যাদি) ক্ষেত্রে KYC প্রক্রিয়া অনুসরণ করা হয় কি না? | বিএফআইইউ সার্কুলারের নির্দেশনা মোতাবেক কাগজপত্রাদি/তথ্যাদি যাচাই করুন। | | ১ | |
| | | ৫ | ৩০এপ্রিল ২০০২ তারিখের পূর্বে খোলা যে সকল হিসাবের কেওয়াইসি প্রক্রিয়া সম্পন্ন করা হয়নি সেসকল হিসাবসমূহের বর্তমান অবস্থা কী? | ৩০এপ্রিল ২০০২ তারিখের পূর্বে খোলা যে সকল হিসাবের কেওয়াইসি প্রক্রিয়া সম্পন্ন করা হয়নি সে সকল হিসাবের তালিকা সংগ্রহ করুন। বিশেষ করে এ ধরণের হিসাবসমূহে কেওয়াইসি প্রক্রিয়া অসম্পন্ন রেখে ৩০শে মার্চ, ২০১০ এর পরে কোন উত্তোলন আছে কিনা নমুনা ভিত্তিতে পরীক্ষা করুন। | | ১ | |
| | গ্রাহক পরিচিতি **(KYC)** | ৬ | Wire transfer এর ক্ষেত্রে শাখা কর্তৃক KYC প্রক্রিয়া অনুসরণ করা হয় কি না? | বিএফআইইউ সার্কুলারের নির্দেশনা মোতাবেক পরিপালিত হয়েছে কি না তা সংশ্লিষ্ট কাগজপত্রাদি/তথ্যাদি যাচাই করুন। | | ১ | |
| | | ৮ | Politically Exposed Persons (PEPs), প্রভাবশালী ব্যক্তি ও আন্তজার্তিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তার কোন হিসাব শাখায় সংরক্ষণ করা হচ্ছে কিনা? | বিএফআইইউ সার্কুলারের নির্দেশনা মোতাবেক নমুনার ভিত্তিতে যাচাই করুন। | | ৩ | |
| | | ৯ | ক) Credit Card সুবিধা প্রদানে বিএফআইইউ এর নির্দেশনা অনুসরণ করা হয় কি না। | Credit Card ইস্যুর ক্ষেত্রে গ্রাহক পরিচিতি সঠিকভাবে গ্রহণ ও যাচাই করা হয় কি না যাচাই করুন। Credit Card এর ঋণ সীমা গ্রাহকের আয়ের সাথে সংগতিপূর্ণ কিনা যাচাই করুন। শাখা কর্তৃক কেওয়াইসি হালনাগাদ করা হয় কিনা যাচাই করুন। | | ১ | |
| | | | খ) Internet banking সুবিধা প্রদানে বিএফআইইউ এর নির্দেশনা অনুসরণ করা হয় কি না। | Internet banking সুবিধা প্রদানে শাখা কর্তৃক কি সতর্কতামূলক ব্যবস্থা নেয়া হয়েছে তা যাচাই করুন এবং গ্রাহকের ঝুঁকি বিবেচনায় কোন অতিরিক্ত তথ্যাদি নেয়া হয়েছে কি না তা যাচাই করুন। | | ১ | |

| ক্র. নং. | পরিদর্শন ক্ষেত্র | | বিষয় | যাচাইয়ের উপায় | মন্তব্য | মোট নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|---|---|---|
| | | ১০ | Non face to face customer সম্পর্কিত বিএফআইইউ এর নির্দেশনা অনুসরণ করা হয় কি না। | হিসাব খোলার ক্ষেত্রে গ্রাহক পরিচিতি সঠিকভাবে গ্রহণ করা হয় কি না যাচাই করুন এবং গ্রাহকের ঝুঁকি বিবেচনায় কী/কোন ধরণের অতিরিক্ত তথ্যাদি নেয়া হয়েছে তা যাচাই করুন। | | ১ | |
| ৩ | **লেনদেন মনিটরিং (Transaction Monitoring)** | ১ | শাখায় লেনদেন মনিটরিং (Transaction Monitoring) এর কোন কার্যকরী পদ্ধতি চালু আছে কি না? | মনিটরিং এর পদ্ধতি উল্লেখ করুন (প্রযোজ্য ক্ষেত্রে প্রমাণ সংগ্রহ করুন)।<br>• ম্যানুয়্যাল পদ্ধতিতে লেনদেন পরীক্ষা করা হলে তা কিভাবে করা হয় তা বিস্তারিত যাচাই করুন।<br>• অটোমেটেড হলে সিস্টেম জেনারেটেড রিপোর্ট সংগ্রহপূর্বক পর্যালোচনা করুন।<br>• বিগত সময়ের মনিটরিং এর নথি সংগ্রহপূর্বক যাচাই করুন। | | ৪ | |
| | | ২ | ক) গ্রাহকের পেশা ও আয়ের সাথে সংগতিপূর্ণভাবে লেনদেনের অনুমিত মাত্রা (TP) গ্রহণ করা হয় কি না? | প্রযোজ্য ক্ষেত্রে অন্তত ১০টি হিসাবের নমুনা কেস পরীক্ষা করে দেখুন। | | ২ | |
| | | | খ) লেনদেনের অনুমিত মাত্রায় (TP) প্রয়োজনীয় সকল তথ্য সন্নিবেশ করা হয়েছে কি না ? | অভিন্ন হিসাব খোলার ফরমের সাথে সংযুক্ত TP ফরম যাচাই করুন। | | ১ | |
| | | | গ) ঘোষিত অনুমিত মাত্রার সাথে প্রকৃত লেনদেন যাচাই করা হয় কি না ? | ন্যূনতম ১০টি হিসাবের মনিটরিং পদ্ধতির নমুনা পরীক্ষা করুন এবং প্রয়োজনে ব্যাংকের অটোমেটেড পদ্ধতি তে উল্লিখিত TP এর সাথে TP ফরমে ঘোষিত অনুমিত মাত্রার মিল আছে কিনা যাচাই করুন। | | ২ | |
| | | | ঘ) হিসাব খোলার ৬ মাসের মধ্যে গ্রাহকের লেনদেন পর্যালোচনা পূর্বক TP হালনাগাদ করা হয়েছে কি না? | বিএফআইইউ সার্কুলার মোতাবেক Risk Based Approach এর ভিত্তিতে ন্যূনতম ১০টি হিসাবের টিপি যাচাই করুন। | | ১ | |
| | | | ঙ) নির্দিষ্ট কোন প্রয়োজন অনুভূত হলে অথবা শাখা কর্তৃক নিয়মিত মনিটরিং কার্যক্রমের আওতায় সময়ে সময়ে TP হালনাগাদ করা হয়েছে কিনা? | ন্যূনতম ১০টি হিসাবের টিপি যাচাই করুন। | | ১ | |
| | | ৩ | শাখায় পরিচালিত উচ্চ ঝুঁকিপূর্ণ হিসাবসমূহের তালিকা সংরক্ষণ করা হয় কি না এবং উক্ত হিসাবের লেনদেন মনিটরিং পর্যাপ্ত কি না ? | উচ্চ ঝুঁকিসম্পন্ন হিসাব সমুহের তালিকা সংগ্রহ করুন এবং বিএফআইইউ সার্কুলারের নির্দেশনা মোতাবেক এতদসংক্রান্ত নথি সংগ্রহপূর্বক উক্ত হিসাবসমূহের লেনদেন মনিটরিং পর্যাপ্ত কিনা যাচাই করুন। | | ৩ | |
| | | ৪ | ক) সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে শাখায় UN Security Council resolution এর আওতায় sanction list ও সন্ত্রাস বিরোধী আইন ২০১৩ এর সংযোজনীতে উল্লেখিত স্থানীয় সন্ত্রাসী তালিকা সংরক্ষণ করা হয় কি না এবং সে মোতাবেক হিসাব খোলা ও লেনদেন কার্যক্রম যাচাই করা হয় কিনা? | • হিসাব খোলা, লেনদেন মনিটরিং এবং অভ্যন্তরীণ ও বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে উভয় তালিকা যাচাই করা হয় কি না।<br>• এ বিষয়ে শাখা স্বয়ংক্রিয় (Automated) কোন পদ্ধতি অনুসরণ করে কি না যাচাই করুন। অন্তত ১০টি নমুনা কেস পরীক্ষা করে দেখুন। | | ২ | |
| | | | খ) False Positive এর তালিকা শাখায় সংরক্ষণ করা হয় কি না? | • UN sanction list ও স্থানীয় সন্ত্রাসী তালিকা যাচাই এ শাখা কর্তৃক কোন False Positive হয়েছে কিনা তা পরীক্ষা করে দেখুন। | | ১ | |
| | | ৫[১]. | বৈদেশিক ও অভ্যন্তরীণ বাণিজ্যের অর্থায়নের ক্ষেত্রে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে শাখা কর্তৃক কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?** | নমুনাভিত্তিতে ৪/৫ জন গ্রাহকের এলসি ডকুমেন্টসহ সংশ্লিষ্ট গ্রাহকের অন্যান্য সকল হিসাবের নথি সংগ্রহপূর্বক নিম্নের বিষয়াদি যাচাই করুনঃ<br>• Letter of Credit -এ বর্ণিত পণ্যের মূল্য আন্তর্জাতিক মানদন্ডের সাথে যাচাই করা হয়েছে কি না পরীক্ষ করুন। | | ৫ | |

[১] বিশেষ দ্রষ্টব্যঃ অনুচ্ছেদ নং ৩(৫) শুধুমাত্র এডি শাখার জন্য প্রযোজ্য হবে। ননএডি শাখার ক্ষেত্রে ৯৫ নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বরকে শতকরা রূপান্তর করে সার্বিক রেটিং নির্ণয় করতে হবে।

| ক্র. নং. | পরিদর্শন ক্ষেত্র | | বিষয় | যাচাইয়ের উপায় | মন্তব্য | মোট নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | • Supplier/Beneficiary এর Credit report সংগ্রহ করে শাখা কর্তৃক পর্যালোচনা করা হয়েছে কিনা যাচাই করুন।<br>• Beneficiary/Applicant এর country FATF কর্তৃক চিহ্নিত High-risk and non-cooperative jurisdictions এর অন্তর্ভুক্ত হলে EDD করা হয় কি না যাচাই করুন।<br>• Bill of Entry এর original copy সংরক্ষণ করা হয় কিনা যাচাই করুন।<br>• Shipping document Letter of Credit/Proforma invoice এর সাথে সংগতিপূর্ণ কিনা যাচাই করুন। | | | |
| | | ৬ | শাখা বৈদেশিক রেমিটেন্সসহ অন্যান্য ইনওয়ার্ড ও আউটওয়ার্ড রেমিটেন্স মনিটরিং করে কি না? | • ইনওয়ার্ড ও আউটওয়ার্ড রেমিটেন্স সংক্রান্ত লেনদেন গ্রাহকের কেওয়াইসি সংক্রান্ত তথ্যাদি নমুনাভিত্তিতে যাচাই করুন। | | ১ | |
| ৪ | **নগদ লেনদেন রিপোর্ট (CTR) এবং সন্দেহজনক লেনদেন রিপোর্টিং (STR)** | ১ | ক) মাসিক ভিত্তিতে এবং নির্ভুলভাবে CTR করা হয় কিনা ? | রেকর্ড/নথি/রেজিষ্টার যাচাই করুন। যেসকল ব্যাংকের প্রধান কার্যালয় কর্তৃক কেন্দ্রীয়ভাবে সিটিআর করা হয় সে ক্ষেত্রে শাখায় মাসিক ভিত্তিতে সিটিআর সংরক্ষণ করা হয় কিনা যাচাই করুন। | | ২ | |
| | | | খ) প্রতি মাসে প্রেরিত সিটিআর এর কপি শাখায় সংরক্ষণ করা হয় কিনা এবং উহা নিয়মিত পর্যালোচনা করা হয় কিনা? | • রিপোর্টিং তালিকা/ফাইল পরীক্ষা করে দেখুন। বিএফআইইউ সার্কুলার মোতাবেক পর্যালোচনা করা হয় কিনা তা এতদসংক্রান্ত নথি যাচাইপূর্বক পরীক্ষা করুন। কেন্দ্রীয়ভাবে সিটিআর করা হলেও শাখা কর্তৃক সিটিআর পর্যালোচনা করা হয় কিনা তাও যাচাই করুন। | | ৪ | |
| | | | গ) গ্রাহক কর্তৃক রিপোর্টিং সীমার নীচে পুনঃ পুনঃ লেনদেন (Structuring) করার ক্ষেত্রে তা শনাক্ত করার কোন পদ্ধতি শাখায় প্রবর্তিত হয়েছে কি না? | • শাখার ক্যাশ রেজিস্টার পর্যালোচনাপূর্বক সম্ভাব্য হিসাবসমূহ চিহ্নিতকরতঃ তা পর্যালোচনা করুন। এতদ্বিষয়ে শাখা কর্তৃক কোন রিপোর্ট জেনারেট করা হয় কিনা যাচাই করুন। | | ৩ | |
| | | ২ | ক) শাখায় সন্দেহজনক লেনদেন (STR)/SAR চিহ্নিতকরণের কোন পদ্ধতি চালু আছে কি না ? | • সন্দেহজনক লেনদেন (STR) এর বিভিন্ন নির্দেশকসমূহের ভিত্তিতে সন্দেহজনক লেনদেন (STR) চিহ্নিতকরণের কোন পদ্ধতি চালু আছে কিনা যাচাই করুন । | | ৩ | |
| | | | খ) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা STR/SAR সিস্টেম সম্পর্কে অবহিত আছেন কি না ? | শাখার কর্মকর্তাদের সন্দেহজনক লেনদেন চিহ্নিতকরণ ও রিপোর্টকরণ সম্পর্কে পর্যাপ্ত ধারণা আছে কিনা পরীক্ষা করুন। | | ২ | |
| ৫ | **মানিলন্ডারিং প্রতিরোধ বিভাগ/ডিভিশন বরাবর বিবরণী দাখিল** | ১ | শাখা কর্তৃক প্রয়োজনীয় সংখ্যক বিবরণী মানিলন্ডারিং প্রতিরোধ বিভাগ/ডিভিশন বরাবর দাখিল করা হয় কি না ? শাখা কি যথাসময়ে বিবরণী দাখিল করে ? | • মাসিক ভিত্তিতে সিটিআর (প্রযোজ্যক্ষেত্রে এসটিআর বিবরণী), দ্বি-মাসিক ভিত্তিতে বিবরণী-২ ও ৩, এবং ষান্মাসিক ভিত্তিতে সেল্ফ অ্যাসেসমেন্ট বিবরণী মানিলন্ডারিং প্রতিরোধ বিভাগ/ডিভিশন বরাবরে প্রেরিত হয় কিনা পরীক্ষা করুন।<br>• বিলম্বে দাখিল অথবা বিবরণী দাখিল করা না হয়ে থাকলে তা অসন্তোষজনক বলে বিবেচিত হবে। | | ২ | |
| | | ২ | বিবরণীতে প্রদত্ত তথ্য সঠিক ও পূর্ণাঙ্গ কি না ? | এতদ্সংক্রান্ত নথি পরীক্ষা করুন। তথ্যাদি সঠিক ও পরিপূর্ণ না হলে তা অসন্তোষজনক বলে বিবেচিত হবে। | | ১ | |
| ৬ | **স্বনির্ধারণী পদ্ধতি** | ১ | স্বনির্ধারণী পদ্ধতিতে (সেল্ফ অ্যাসেসমেন্ট) শাখার মূল্যায়ন ব্যবস্থা চালু আছে কি না ? | বিএফআইইউ সার্কুলারের সাথে সংযুক্ত চেকলিষ্ট ব্যবহারপূর্বক মূল্যায়ন প্রতিবেদন করা হয়েছে কিনা যাচাই করে দেখুন। | | ১ | |
| | | ২ | আলোচ্য মূল্যায়ন প্রতিবেদন চূড়ান্ত করার পূর্বে শাখা ব্যবস্থাপকের সভাপতিত্বে শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে সভা করা হয়েছে কিনা? | নথি যাচাই করুন। | | ১ | |

| ক্র. নং. | পরিদর্শন ক্ষেত্র | | বিষয় | যাচাইয়ের উপায় | মন্তব্য | মোট নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|---|---|---|
| | | ৩ | ক) মূল্যায়ন প্রতিবেদনে দূর্বলতাসমূহ চিহ্নিত করা হয়েছে কিনা? খ) গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে শাখা কর্তৃক কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে এবং পরবর্তী ত্রৈমাসিক সভাগুলোতে পূর্ববর্তী সভার এতদসংশ্লিষ্ট বিষয়ের অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়েছে কিনা? | নথি যাচাই করুন। | | ২ | |
| | | ৪ | শাখার নিজস্ব মূল্যায়ন যথাযথ কি না? | নথি যাচাই করুন এবং চেকলিস্টের প্রতিটি পয়েন্ট পর্যালোচনা পূর্বক মূল্যায়ন করুন। | | ১ | |
| ৭ | **AML/CFT বিষয়ে কর্মকর্তাদের জ্ঞান ও সচেতনতা** | ১ | শাখায় কতজন কর্মকর্তা মানি লন্ডারিং প্রতিরোধ বিষয়ক আনুষ্ঠানিক প্রশিক্ষণ গ্রহণ করেছেন? | এতদবিষয়ে শাখার সংশ্লিষ্ট রেকর্ড দেখুন। এএমএল/সিএফটি বিষয় আন্তর্জাতিক মানদন্ড,জাতীয় নীতিমালা ও আইনকানুন, বিএফআইইউ কর্তৃক জারীকৃত গাইডেন্স নোটস্‌ ও সার্কুলার ইত্যাদি বিষয় অন্তর্ভুক্তিকরণসহ এর ঝুঁকি ব্যবস্থাপনার কলাকৌশল এবং রিপোর্টিং পদ্ধতি সম্পর্কে অন্তত **১**(এক)দিন ব্যাপী অনুষ্ঠিত মানি লন্ডারিং বিষয়ক আনুষ্ঠানিক প্রশিক্ষণ বিবেচ্য হবে। | | ১ | |
| | | ২ | প্রধান নির্বাহী কর্তৃক বাৎসরিক ভিত্তিতে এএমএল/সিএফটি বিষয়ক অঙ্গীকার ঘোষণার কপি সকল কর্মকর্তাকে অবহিতকরণপূর্বক শাখায় সংরক্ষণ করা হয় কিনা এবং এব্যাপারে শাখার কর্মকর্তাগণ যথাযথভাবে তা পরিপালন করেছেন কিনা? | • নথি পর্যালোচনা করুন। | | ১ | |
| | | ৩ | শাখার কর্মকর্তাগণ এএমএল/সিএফটি বিষয়ক নীতি, পদ্ধতি ও প্রোগ্রাম এবং জাতীয় নীতিমালাসহ বিএফআইইউ এর গাইডলাইন্স সম্পর্কে অবহিত কি না? | • শাখার কর্মকর্তার সাথে সাক্ষাৎকারের ভিত্তিতে মূল্যায়ন করুন। | | ১ | |
| | | ৪ | প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য ও দলিলাদি যথাযথভাবে সংরক্ষণ করা হয় কিনা? | • নথি পর্যালোচনা করুন। | | ১ | |
| ৮ | **রেকর্ড সংরক্ষণ/ সরবরাহ** | ১ | মানি লন্ডারিং প্রতিরোধ আইন-২০১২ (২০১৫ এর সংশোধনীসহ) এবং ব্যাংকের নিজস্ব নীতিমালা অনুযায়ী গ্রাহকের লেনদেন সম্পর্কিত রেকর্ড যথাযথভাবে সংরক্ষণ করা হয় কিনা ? | মানি লন্ডারিং প্রতিরোধ আইন-২০১২ (২০১৫ এর সংশোধনীসহ) এবং বিএফআইইউ এর সার্কুলার মোতাবেক হিসাবের লেনদেনের তথ্যাদি (যেমন হিসাব খোলার ফরম, লেনদেন বিবরণী, চেক/ভাউচার ইত্যাদি) পরীক্ষা করে দেখুন। | | ২ | |
| | | ২ | গ্রাহকের KYC সহ CDD প্রক্রিয়া সম্পাদনকালে সংগৃহীত তথ্য ও দলিলাদি এবং লেনদেন সংক্রান্ত তথ্য ও দলিলাদি বিএফআইইউ এর চাহিদা মোতাবেক যথাসময়ে সরবরাহ করা হয় কি না ? | এতদ্‌সংক্রান্ত নথি পরীক্ষা করুন। যথাসময়ে ও সঠিকভাবে তথ্য সরবরাহ না করলে তা অসন্তোষজনক বিবেচিত হবে। | | ১ | |
| ৯ | **নিরীক্ষা, পরিদর্শন ও অন্যান্য** | ১ | শাখা ব্যবস্থাপক BAMLCO না হলে শাখা ব্যবস্থাপক AML/CFT প্রোগ্রাম বাস্তবায়নে যথাযথ ভূমিকা পালন করেন কি না ? | শাখায় আয়োজিত সভার আলোচ্যসূচী ও শাখা ব্যবস্থাপকের সাথে সাক্ষাৎকারের ভিত্তিতে মূল্যায়ন করুন। | | ১ | |
| | | ২ | ইতিপূর্বে শাখায় পরিচালিত নিরীক্ষা/পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত অনিয়ম/সুপারিশসমূহ যথাযথভাবে পরিপালিত হয়েছে কি না ? | সর্বশেষ নিরীক্ষা প্রতিবেদন পরীক্ষা করে দেখুন এবং প্রতিবেদনে বর্ণিত অনিয়মাদি সংশোধনে শাখা কিরূপ ব্যবস্থা গ্রহণ করেছে তা যাচাই করে দেখুন।<br>✓ ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক সর্বশেষ নিরীক্ষা রিপোর্ট পর্যালোচনা করুন এবং পরিপালনের অবস্থা যাচাই করুন।<br>✓ বাংলাদেশ ব্যাংকের ব্যাংক পরিদর্শন বিভাগ কর্তৃক পরিদর্শন কার্যক্রম সম্পন্ন হলে এর রিপোর্টটি (মানিলন্ডারিং অংশটি বিশেষভাবে) পর্যালোচনা করুন এবং পরিপালনের অবস্থা যাচাই করুন।<br>✓ বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রা পরিদর্শন বিভাগ কর্তৃক নিরীক্ষা (যদি হয়ে থাকে) এর রিপোর্টটি পর্যালোচনা করুন এবং পরিপালনের অবস্থা যাচাই করুন।<br>✓ বিএফআইইউ এর নিরীক্ষা (যদি হয়ে থাকে) এর রিপোর্টটি পর্যালোচনা করুন এবং পরিপালনের অবস্থা যাচাই করুন। | | ৪ | |

| ক্র. নং. | পরিদর্শন ক্ষেত্র | | বিষয় | যাচাইয়ের উপায় | মন্তব্য | মোট নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|---|---|---|
| | | ৩ | গ্রাহক সচেতনতা বৃদ্ধিকল্পে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে? | গ্রাহক সচেতনতা বৃদ্ধিকল্পে শাখা কী ধরনের কার্যক্রম গ্রহন করেছে তা যাচাই করুন। এ ব্যাপারে গ্রাহকদের লিফলেট বিতরণ এবং শাখার দৃশ্যমান স্থানে এ বিষয়ক পোস্টার আছে কিনা যাচাই করুন। | | ৩ | |
| | | | | | সর্বমোটঃ | ১০০ | |

শাখার মূল্যায়নঃ

| ক্র | পরিদর্শন ক্ষেত্র | বরাদ্দকৃত মোট নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ১ | শাখা পরিপালন কর্মকর্তা মূল্যায়ন | ৬ | |
| ২ | গ্রাহক পরিচিতি (KYC) | ২৬ | |
| ৩ | লেনদেন মনিটরিং | ২৩ | |
| ৪ | সন্দেহজনক লেনদেন এবং নগদ লেনদেন রিপোর্টিং | ২২ | |
| ৫ | মানিলন্ডারিং প্রতিরোধ বিভাগ/ডিভিশন বরাবর বিবরণী দাখিল | ৩ | |
| ৬ | স্বনির্ধারণী পদ্ধতি | ৫ | |
| ৭ | এএমএল/সিএফটি বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জ্ঞান ও সচেতনতা | ৪ | |
| ৮ | রেকর্ড সংরক্ষণ | ৩ | |
| ৯ | নিরীক্ষা, পরিদর্শন ও অন্যান্য | ৮ | |
| | সর্বমোটঃ | ১০০ | |

| স্কোর | রেটিং |
|---|---|
| ৯০+-১০০ | শক্তিশালী |
| ৭০+-৯০ | সন্তোষজনক |
| ৫৫+-৭০ | মোটামুটি ভাল |
| ৪০+-৫৫ | প্রান্তিক |
| ৪০ ও এর নীচে | অসন্তোষজনক |

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট

সূত্র নং-বিএফআইইউ(পলিসি)-০৩/২০১৭-২৮৪৫ তারিখঃ ০৪/১০/২০১৭

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
**সকল তফসিলি ব্যাংক**

দৃষ্টি আকর্ষণঃ প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকতা।

প্রিয় মহোদয়,

**বিএফআইইউ কর্তৃক ১৭/০৯/২০১৭ তারিখে জারীকৃত সার্কুলার নম্বর- ১৯ এর পরিশিষ্ট-গ এর নম্বর পুণর্বন্টন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বিগত ১৭/০৯/২০১৭ তারিখে জারীকৃত বিএফআইইউ সার্কুলার নম্বর- ১৯ এর পরিশিষ্ট-গ এর নম্বর নিম্নরূপে পুণর্বন্টন করা হলো :

| বিবরণ | প্রদত্ত স্কোর | সংশোধিত স্কোর |
|---|---|---|
| ৪ নং ক্রমিকের ১(ক) | ২ | ৩ |
| ৪ নং ক্রমিকের ১(খ) | ৪ | ৬ |
| ৪ নং ক্রমিকের ১(গ) | ৩ | ৬ |
| ৪ নং ক্রমিকের ২(ক) | ৩ | ৫ |

বিষয়টি আপনাদের অবগতি ও যথাবিহিতের নিমিত্তে প্রেরণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(মো: মাসুদ রানা)
যুগ্ম-পরিচালক
ফোনঃ৫৫৬৬৫০০১-৬/২০২৯০
ইমেইলঃmasud.rana@bb.org.bd